পড়ছি লিখছি
পড়ালেখা
পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ ও
পশ্চিমবঙ্গ সরকারের
জনশিক্ষা প্রসার বিভাগের
যৌথ উদ্যোগে সংগঠিত
সাক্ষরতা প্রসার প্রকল্প

পড়ছি লিখছি

পড়ালেখা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

ভূমিকা

পরাধীন ভারতে শিক্ষার যে লক্ষ্য ও উদ্দেশ্যকে ভিত্তি করে শিক্ষা কাঠামে ড়ে উঠেছিল, স্বাধীনতা লাভের পর স্বাভাবিক ভাবেই তার পরিবর্তনের আবশ্যকতা দেখা দেয়। এর জন্য বিভি সময়ে বিভিন্ন শিক্ষা কমিশন ও আলোচনা সংগঠিত হয়। সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ শিক্ষার উদ্দেশ্য ও লক্ষ্য হি .ব যে সব সুপারিশ রাখেন, তার মধ্যে অন্যতম হল শিক্ষার্থীদের সমাজসেবামূলক কাজে যুক্ত করে সামাজিক ায়িত্ববোধের উন্মেষ ঘটানো। এই উদ্দেশ্যকে রূপায়িত করার জন্যই মাধ্যমিক শিক্ষার পাঠক্রমে সমাজ সেবামূলক কাজ অন্তর্ভূক্ত করা হয়। এই কাজের জন্য একটি পাঠ্যসূচিও নির্ধারিত হয়। অভিজ্ঞতার মাধ্যমে পাঠক্রম ও পাঠ্যসূচির বিশ্লেষণ ও বিচার বিবেচনা করে তাকে আরও উন্নততর পর্যায়ে আনার প্রচেষ্টা চালানোর সুপারিশও শিক্ষা কমিশনের ছিল। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ সেই প্রচেষ্টা নিষ্ঠার সঙ্গে চালিয়ে এসেছে।

সমাজসেবামূলক কাজের পাঠ্যসূচি নিয়ে আলোচনার সময় যে সামাজিক সমস্যার কথা সর্বাগ্রে মনে পড়ে সেটি হল নিরক্ষতার সমস্যা। স্বাধীনতা লাভের ৪২ বছর পরেও ভারতবর্ষের নাগরিকদের যে বিরাট অংশ নিরক্ষর রয়েছে, তা নিশ্চয়ই একটি জাতীয় গ্লানি। ১৯৮১ সালের আদমসুমারীর হিসাব মত পশ্চিমবাংলার সাড়ে পাঁচ কোটি অধিবাসীর মধ্যে প্রায় সোয়া তিন কোটি নিরক্ষর। সরকারী পর্যায়ের আর একটি হিসাবে দেখা যায়, ১৯৮৯ সালের এপ্রিল মাসে ১৫-৩৫ বছরের অধিবাসীদের মধ্যে ৯১,৪৫,০০০ জন নিরক্ষতার অন্ধকারে রয়েছেন। এই পরিস্থিতিতে পশ্চিমবঙ্গকে নিরক্ষরতার গ্লানি থেকে মুক্ত করার জন্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার যেমন দৃঢ় প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন, তেমনি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ শিক্ষার্থীদের এই সামাজিক দায়িত্ব পালনের সঙ্গে ছাত্র-ছাত্রী ও শিক্ষকবৃন্দকে যুক্ত করার প্রয়োজনীয়তাও উপলব্ধি করেছেন। তারই ফলশ্রুতিতে মাধ্যমিক পরীক্ষা স্তরে সমাজসেবামূলক কাজের পাঠ্যসূচিতে সাক্ষরতা প্রসার অভিযানের একমাত্র করণীয় বিষয় হিসাবে স্থান লাভ। সিদ্ধান্ত হয়েছে পর্ষদের অনুমোদিত বিদ্যালয়গুলিতে নবম শ্রেণীর শিক্ষার্থীরা বর্তমান শিক্ষাবর্ষ থেকে এই অভিযানে অংশ গ্রহণ করবে। এটা খুবই আনন্দের বিষয় যে এই প্রকল্প চালু হচ্ছে আন্তর্জাতিক সাক্ষরতাবর্ষে।

এই প্রকল্পের প্রথম কাজ হল একটি সমীক্ষা যার ভিত্তিতে বিদ্যালয়গুলি তাদের সাক্ষরতা প্রসারের ক্ষেত্র বেছে নেবেন। এরজন্য প্রয়োজনীয় নির্দেশ বিদ্যালয়গুলিতে পাঠানো হয়েছে এবং আশা করা যায় ইতোমধ্যে সে কাজ সমাপ্ত হয়েছে। পাঠ্যসূচিও নির্দ্ধারিত হয়েছে এবং তার ভিত্তিতে দুটি পাঠ্যপুস্তকও রচিত হয়েছে—একটি ভাষার এবং অপরটি গণিতের। ভাষাশিক্ষা ও গণিতশিক্ষার জন্য 'পড়ছি লিখছি' নামে প্রকাশিত পাঠ্যপুস্তকটির 'পড়ালেখা' ও 'অঙ্ককষা' অংশদুটি রচিত হয়েছে। পশ্চিমবঙ্গ রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ কর্মশালার মাধ্যমে পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি রচনার দায়িত্ব গ্রহণ করে আমাদের ধন্যবাদার্হ হয়েছেন। যেসব শিক্ষাবিদ্ এই কাজে

অংশগ্রহণ করে পাঠ্যপুস্তক রচনার কাজ সমাপ্ত করেছেন তাঁদের সকলকেই পর্ষদের পক্ষ থেকে ধন্যবাদ জানাই। পুস্তক প্রকাশনার এবং এই প্রকল্প রূপায়ণের আনুষঙ্গিক খরচ বহন করছেন পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের জনশিক্ষা প্রসার দপ্তর। পশ্চিমবঙ্গ সরকারকে আমরা আমাদের কৃতজ্ঞতা জানাচ্ছি।

এক বছর আগে বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নের জন্য যে প্রশিক্ষণের ব্যবস্থা পর্ষৎ থেকে করা হয়েছিল তার ফলে আশা করা যায় শিক্ষক-শিক্ষিকাগণ এই প্রকল্প সম্বন্ধে ওয়াকিবহাল আছেন। তাঁদের পরিচালনায় শিক্ষার্থীরা এই প্রকল্প সফলভাবেই রূপায়িত করবেন, এ বিশ্বাস আমাদের আছে। এ বিশ্বাসও আছে যে এই প্রকল্প রূপায়ণে শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক-অভিভাবিকা, বিদ্যালয়ের পরিচালকবৃন্দ ও সমাজ-সচেতন জনসাধারণের সক্রিয় সহযোগিতা আমরা পাব।

এই প্রকল্প আরও সার্থকভাবে রূপায়ণ করার ব্যাপারে সংশ্লিষ্ট সকলের কাছ থেকেই গঠনমূলক মতামত ও সুচিন্তিত এবং সুনির্দিষ্ট সুপারিশ পেতেও আমরা আগ্রহী।

পুস্তক দুটিতে কোনো ত্রুটি-বিচ্যুতি বা পুস্তক দুটির মান উন্নততর করার জন্য কোন সুনির্দিষ্ট মতামত আমাদের নজরে আনলে পরবর্তী মুদ্রণের সময় আমরা সেগুলি বিবেচনা করব।

আন্তর্জাতিক সাক্ষরতাবর্ষে যে কাজ আমরা শুরু করছি, সে প্রচেষ্টা আমরা আমাদের কর্মপরিসরে ততদিন পর্যন্ত নিষ্ঠার সঙ্গে চালিয়ে যাব যতদিন পর্যন্ত না পশ্চিমবঙ্গের আধিবাসিদের আমরা নিরক্ষরতার বঞ্চনা থেকে মুক্ত করতে পারি, এই আমাদের আন্তরিক ইচ্ছা।

যাঁরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এই প্রকল্প রূপায়ণে আমাদের সহায়তা করছেন ও ভবিষ্যতেও করবেন তাঁদের সকলকেই পর্ষদের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

১০ই আগস্ট, ১৯৯০

চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়
সভাপতি
পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ

নির্দেশিকা

সাক্ষরতা প্রসার অভিযান

ছাত্র শক্তি মহাশক্তি। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের পরিকল্পনায় এবং পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ ও পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার বিভাগের যৌথ উদ্যোগে এরাজ্যের নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীরা সাক্ষরতা প্রসার অভিযানে এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করছে। এই পরিকল্পনা সার্থক হলে প্রতিবছর লক্ষ লক্ষ মানুষ নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত হবেন। পশ্চিমবঙ্গের ছাত্র সমাজের পক্ষে আন্তর্জাতিক সাক্ষরতা বর্ষে এটা হবে বিশেষ তাৎপর্যমণ্ডিত।

সাক্ষরতার লক্ষ্য ও উদ্দেশ্য

(১) অক্ষর ও সংখ্যা চিনতে ও ব্যবহার করতে পারা ; (২) সমাজ ও পরিবেশ সচেতনতা অর্জন ; (৩) নিজের কাজ আরো ভালভাবে করতে পারা—সাক্ষরতার লক্ষ্য এই তিনটি। প্রথমটির জন্য বই আছে। কিন্তু পরের দুটির জন্য কোনো পাঠ্য বই নেই (যদিও ভাষা ও গণিতের বইতে এই বিষয়ে কিছু ইঙ্গিত আছে)। সুতরাং পড়ুয়ার অভিজ্ঞতাকে ভিত্তি করে প্রশিক্ষক আলোচনা করবেন, তাঁদের সচেতনতা ও সক্ষমতা বৃদ্ধির কাজে সাহায্য করবেন।

সাক্ষরতা অর্জিত হলে

(ক) পড়ুয়া এক মিনিটে ৩০টি শব্দ পড়তে পারবেন ; (খ) এক মিনিটে ৭টি শব্দ লিখতে পারবেন ; (গ) মাতৃভাষায় লেখা খবরের কাগজ, বিজ্ঞপ্তি, প্রচারপত্র, চিঠি ইত্যাদি পড়ে বুঝতে পারবেন ; (গ) মাতৃভাষায় ফরম পূরণ, দরখাস্ত লেখা, চিঠি লেখা ইত্যাদি পারবেন ; (ঙ) নিজের প্রয়োজনীয় হিসাব-নিকাশ, জমা-খরচ ইত্যাদি লিখিত ভাবে করতে পারবেন ; (চ) নিজের ও সমাজের সমস্যা ভালভাবে উপলব্ধি করতে পারবেন।

চর্চা ও অভ্যাসের অভাবে, অর্জিত সাক্ষরতা যাতে পুনরায় লোপ পেয়ে না যায় তারজন্য সাক্ষরতা-উত্তর কর্মসূচি প্রণীত হয়েছে। নবসাক্ষরদের গ্রন্থাগার, জনশিক্ষা নিলয় প্রভৃতি এই কর্মসূচির অন্তর্গত।

সাক্ষরতা-কেন্দ্রের সংগঠন ও পরিচালনা

প্রশিক্ষকের বিদ্যালয় বা বাড়ির কাছাকাছি নিরক্ষরগণই হবেন সাক্ষরতা-কেন্দ্রের পড়ুয়া। সমীক্ষা, কর্মসূচী, পাঠদান, মূল্যায়ন প্রভৃতি বিষয়ে বিশদ নির্দেশ দেবেন সংশ্লিষ্ট বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষকগণ।

পাঠদান পদ্ধতি

(ক) পড়ুয়ার আগ্রহ সৃষ্টি ঃ পড়ুয়ারা অনেকেই প্রশিক্ষকের চেয়ে বয়সে বড় হবেন। তাঁদের জীবনের অভিজ্ঞতা অনেক বেশি। সুতরাং তাঁদের সঙ্গে একটি সম্মানজনক সম্পর্ক গড়ে নিতে হবে।

(খ) পড়ুয়াদের নিজস্ব অভিজ্ঞতা ও চিন্তা প্রকাশে উৎসাহ দিতে হবে। ধীর স্থির ভাবে বিনয়ের সঙ্গে তাঁদের কথা শুনতে হবে। কথাবার্তা গুছিয়ে বলতে ও মোটামুটি শুদ্ধ সুস্পষ্ট উচ্চারণ করতে তাঁদের সাহায্য করতে হবে।

(গ) প্রশিক্ষকের মনোভাব হবে তিনি কিছু শেখাচ্ছেন এমন নয়, পড়ুয়ারকে শিখতে সাহায্য করছেন এমন।

(ঘ) (১) আলোচনা, (২) পড়া, (৩) লেখা–এই তিন পর্যায়ে পাঠদান পরিচালিত হবে।

সাক্ষরতা প্রসার প্রকল্পের শিক্ষাগত ও সামাজিক তাৎপর্য

এই সাক্ষরতা প্রসার কাজটির মধ্য দিয়ে প্রশিক্ষক নিজের শিক্ষালব্ধ সামর্থ্যের প্রয়োগ ও মূল্যায়ন করে নিতে পারবেন। যেমন–

(ক) স্বার্থের কথা বাদ দিয়ে অপরের কথা চিন্তা করা।
(খ) অপরের সমস্যা শোনা, বোঝা ও সমাধানের কথা ভাবা।
(গ) সমাজসেবার কাজে আনন্দলাভ করা।
(ঘ) নিজে সমাজসচেতন হওয়া।
(ঙ) বড় হয়ে সমাজের বিবিধ সমস্যার সমাধানের পথ খুঁজে পাওয়া।
(চ) দেশের নিরক্ষরতা, দারিদ্র্য ও অনগ্রসরতা সম্পর্কে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করা।

বইটি কীভাবে ব্যবহার করা হবে

প্রশিক্ষকদের কাজ—

১. লক্ষ করবে প্রতি পাঠের চারটি অংশ,– পড়া, শেখা, বানানো, লেখা । এর সঙ্গে রয়েছে একটি করে অনুশীলনী ।

২. পড়া–অংশটি নিজে পড়ো, পড়ুয়াদের তোমার সঙ্গে সঙ্গে পড়তে বলো । দরকার হলে একাধিকবার পড়তে হবে ।

৩. শেখা–অংশে বর্ণগুলোকে পৃথক করে দেখানো আছে । বর্ণগুলো পড়ুয়াদের লিখতে শেখাও, চিনতে শেখাও ।

৪ বানানো–অংশে শেখানো বর্ণগুলো দিয়ে কয়েকটি শব্দ/বাক্য দেওয়া হয়েছে । এগুলো পড়ুয়া নিজে নিজে পড়বেন । দরকারমতো তুমি সাহায্য করবে । দেওয়া শব্দ/বাক্য ছাড়াও আরও শব্দ/বাক্য হতে পারে । পড়ুয়াদের নতুন নতুন শব্দ/বাক্য তৈরি করতে বলো ।

৫. অনুশীলনীর মৌখিক অংশটি পড়ুয়ারা নিজে নিজে পড়বেন । বর্ণগুলো তাঁরা ইতিমধ্যে শিখেছেন । তুমি দরকারমতো নির্দেশগুলো পড়ে দাও ।

৬. অনুশীলনীর লিখিত অংশে বর্ণ দিয়ে শব্দ, বাক্যাংশ সংযোজন পড়ুয়ারা করবেন । দরকারমতো তুমি সাহায্য করবে ।

৭. অনুশীলনীর শ্রুতিলিখন অংশটি তুমি মুখে বলো; পড়ুয়ারা লিখবেন । খেয়াল রাখবে–এমন বর্ণ/শব্দ বলবে যেগুলো পড়ুয়ারা ইতিমধ্যে শিখেছেন । কোনো শব্দ তিন-চার অক্ষরের বেশি যেন না হয় । বাক্যের ক্ষেত্রেও এমন শব্দ দিতে হবে যেগুলো পড়ুয়া ইতিমধ্যে শিখেছেন এবং লিখতে পারবেন । এক্ষেত্রেও যেন শব্দের সংখ্যা পাঁচ-ছয়টির বেশি না হয় । এর জন্য অবশ্য তোমাকে পূর্বপ্রস্তুতি নিতে হবে ।

৮. প্রতি চার পাঠের পর একটি করে মূল্যায়ন পত্র আছে । এখানেও পড়ুয়ারা নিজে পড়বেন এবং লিখবেন । শ্রুতলিখনের সময় আগের মতোই তোমার পূর্বপ্রস্তুতি দরকার ।

৯. মূল্যায়নের পর যদি দেখা যায়, কোনো বর্ণ পড়ুয়ার শেখা হয়নি তাহলে সেটি আবার শিখিয়ে দেবে ।

১০. প্রতি পৃষ্ঠায় সংখ্যা ও কথায় (১–এক) পৃষ্ঠার নম্বর লেখা হয়েছে । পড়ুয়াকে ওইগুলো পড়তে শিখিয়ে দাও ।

১১. প্রতি পাঠে বর্ণমালা দেওয়া আছে । যে বর্ণগুলো শেখা হয়েছে সেগুলো বৃত্তের মধ্যে এবং যেগুলো ওই পাঠে শিখছে সেগুলো চৌকোর মধ্যে রাখা আছে । বাকিগুলো পড়ুয়া দেখবেন শুধু । এতে বর্ণগুলো সম্পর্কে একটা ধারণা তৈরি হয়ে যাবে । যে বর্ণগুলো বৃত্ত বা চৌকোর মধ্যে নেই সেইগুলো ওই পাঠে বলার দরকার নাই ।

পাঠ ঃ ১

১. পড়া

অত খাতা

২. শেখা

অ আ া (আ-কার)

খ ত

৩. বানানো

অ ঃ অত

আ ঃ আখ

া ঃ আতা, খাতা, তা

ত ঃ তাত, তত, খাত

খ ঃ খা, খত

৪. লেখা

ত অ আ

....

....

....

খা তা

....

....

আখ আতা

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

পাঠ ঃ ২

১. পড়া

খাতা কই।

কি লিখি। কালি কই।

তাই ত।

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

২ শেখা

ই ি (ই-কার)

ক ল

৩. বানানো

ই – খই, ইলা

ক – কাল, কাক, কল, কলা

ল – তাল, লাল, খাল

ি – তিল, কিল, খিল, খিলি
লিখি, কলি, লিলি

৪. লেখা

ই কি ল লি

....

....

....

কই খাক তালা

....

....

....

অনুশীলন ঃ

১. পড়ুন

অ আ ই ক খ ত ল

কাক। লাল খাতা। বই খাতা কই।

২. কয়েকটি শব্দ বলুন যার প্রথমে যে-কোনো একটা থাকবে

আ ই ক খ ত ল

৩. পাশে তা/লা/ল/ই বসিয়ে শব্দ বানান

ল ——। তা ——। আকা ——। কলা ——।

৪. শুনে লিখুন

বর্ণ ঃ ……… ……… ……… ……… ………

শব্দ ঃ ……… ……… ……… ……… ………

পাঠ ঃ ৩

১. পড়া

এই যে কলি।
এদিকে আয়।
আর কারা এল।

২ শেখা

এ ে (এ-কার)
য য় র

৩. বানানো

এ – এই, এল, এক
ে – কে, যে, তেল, রেল
য – যত, যাক, যাই, যারা
য় – যায়, খায়, কয়, রয়
র – রাখা, যার, তার, তারা

৪. লেখা

এ কে য র

....

....

....

দেখবি আয় রেল যায়

....

....

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ
া ি ী ু ূ
ঋ এ ঐ ও ঔ
ে ৈ ো ৌ
ক খ গ ঘ ঙ
চ ছ জ ঝ ঞ
ট ঠ ড ঢ ণ
ত থ দ ধ ন
প ফ ব ভ ম
য র ল শ ষ
স হ ড় ঢ় য়
ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই এ ক খ ত য য় র ল

আরে। রেখা যে। খেতে যা। লেখা খেলতে আয়। কাকা তেল কলে যায়।

২ কয়েকটি শব্দ বলুন যার শেষে থাকবে র অথবা য়

৩. পাশে ত/লা/তা/রা বসিয়ে শব্দ বানান

খে——। খে——। আম——। আল——।

৪. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

পাঠ ঃ ৪

১. পড়া

ও খোকা।
এই যে তোমার বই।
ধরো। ও ঘরে যাও।

২ শেখা

ও ো (ও-কার)

ঘ ধ ব

৩. বানানো

ও – ওল, ওই, যাও, খাও
ো – ঘোর, ধরো, তোর
ঘ – ঘর, ঘা, ঘেরা, ঘি
ধ – ধাত, ধার, রাধা
ব – বই, বক, বেল,
বল, বেলা, বোকা

৪. লেখা

ও বো ঘ

……… ……… ………

……… ……… ………

……… ……… ………

ধ ব

……… ………

……… ………

ঘি আর খাবে কি ?

……… ……… ……… ………

……… ……… ……… ………

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ
া ি ী ু ূ
ঋ এ ঐ ও ঔ
ৃ ে ৈ ো ৌ
ক খ গ ঘ ঙ
চ ছ জ ঝ ঞ
ট ঠ ড ঢ ণ
ত থ দ ধ ন
প ফ ব ভ ম
য র ল শ ষ
স হ ড় ঢ় য়
ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই এ ও ক খ ঘ ত ধ ব য য় র ল

তোরাবের ঘর খালের ধারে। যব আর তিলখেতের আল ধরে বলাই তার ঘরে যায়। বলে, কাল কলকাতা যাবে।

২. কয়েকটি শব্দ বলুন যার প্রথমে যে-কোনো একটা থাকবে ও ঘ ধ ব

৩. এই শব্দগুলো দিয়ে বাক্য বলুন ওল, খেত, ধোয়া, খিল, ধকল, বেকার

৪. লিখুন ঃ খালি জায়গায় এইসব শব্দ বসিয়ে বাক্য শেষ করুন বল, ধার, ধাত, যাবে

(ক) তারা কবে ঘরে ———। (খ) কাকার আবার বাতের ———।

(গ) খোকা ——— খেলবে। (ঘ) আর কত ——— করবে।

৫. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

মূল্যায়ন—১

১. মৌখিক। পড়ুন ধ খ ই অ ঘ ও ল ত ি া

তাক অত আখ এবার ঘোলা খবর ঘি খই

ও কে ? অঘোর ? আয়। খই খা।

২. শুনে লিখুন

বর্ণ : (১) .... (২) .... (৩) .... (৪) .... (৫) ....

শব্দ : (১) .... (২) .... (৩) .... (৪) ....

বাক্য : (১)..(২)..

৩. বন্ধনীর বর্ণগুলো ঠিক জায়গায় বসান (তো/ধা/ই/এ/খে)

——রা। রা ——। ব ——। ——ই। ——লা।

৪. ডান দিকের অংশ ঠিক জায়গায় বসান

(ক) কারা ——— ? যায় ? (ঘ) বই ———। ধর

(খ) আর ——— ? কে যাবে ? (ঙ) এবার ———। যাও

(গ) ——— বল। খবর

৫. ছবির নিচে নাম লিখতে বলুন

....

পাঠ ঃ ৫

১. পড়া

খেতে নানা রকম
ফসল ফলে।

২ শেখা

ন ফ ম স

৩. বানানো

ন – না, নানা, নাতি, নাম, নাক

ফ – ফল, ফলন, ফাতনা, ফেলা, বরফ

ম – মা, মত, মন, মালা, লোম, মামা, মই, মিল

স – সকল, সফল, বসন, আসন, কলসি

৪. লেখা

ন ফ ম স

....
....
....

বিমল সমান ফকির

....
....
....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু

ঋ এ ঐ ও ঔ

ে ৈ ো ৌ ৃ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই এ ও ক খ ঘ ত ধ

ন ফ ব ম য র ল স য়

অমিয় অনেক ফসল ফলায়। সে ধান ফলায়। রবি ফসল। যব তিল কলাই ফলায়। আর ফলায় আখ। সকালে বেরিয়ে যায়। বিকালে ফেরে। কখনো কখনো ধান নিয়ে ধান-কলে যায়। তার বোন আরতি ঘর সামলায়।

২. কয়েকটি শব্দ বলুন যাদের প্রথমে যে-কোনো একটি থাকবে ন ফ ম স

৩. এই শব্দগুলো দিয়ে বাক্য বলুন সিধা, নোনতা, ফলন, বিফল, মামলা

৪. লিখুন ঃ এই শব্দগুলো ঠিক জায়গায় বসিয়ে বাক্য শেষ করুন রাখ, বসাব, খেলা, করতে, তোল

(ক) আমরা আখ———। (খ) ফসল ঘরে———। (গ) বই খাতা তাকে———।

(ঘ) যখন তখন——— করবে না। (ঙ) সব সময় ধার——— নেই।

৫. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

পাঠ ঃ ৬

১. পড়া

ভেড়ার লোম থেকে উল।

২ শেখা

উ ু (উ-কার) ভ ড়

৩. বানানো

উ – উই, উড়বে, উবু, উনুন

ু – কুল, ফুল, কুকুর, ঘুঘু

ভ – ভয়, ভাই, ভুল, ভোলা

ড় – বাড়ি, খাড়ি, খড়ি, ঘড়ি,
ঘুড়ি

৪. লেখা

উ ু ভ ড়

……… ……… ……… ………

……… ……… ……… ………

……… ……… ……… ………

উলু ভিতর ঘড়া

……… ……… ………

……… ……… ………

……… ……… ………

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই উ এ ও ক খ ঘ ত ধ

ন ফ ব ভ ম য র ল স ড় য়

রবিবার আমরা বাসে ফলতা যাব। সেখানে চড়ুইভাতি। সকালের খাবার কলা, মুড়ি আর নারকেল নাড়ু। বেলায় ভাত খাব। সবাই বসে খাওয়া বড় ভালো লাগবে। বাড়ি ফিরতে ফিরতে রাত।

২. কয়েকটি শব্দ বলুন যাদের প্রথমে যে-কোনো একটি থাকবে উ ভ ড়

৩. এই শব্দগুলো দিয়ে বাক্য বলুন উই, ভিতরে, ভিত, ভয়, ভাড়া

৪. লিখুন ঃ এই শব্দগুলো ঠিক জায়গায় বসিয়ে বাক্য শেষ করুন ভয়, ভালো, ঘুম, ভুল, উড়ায়

(ক) নরম ভাত খেতে ———। (খ) খোকা ঘুড়ি ———। (গ) ভোরে ——— থেকে উঠবে।

(ঘ) ——— করে ওখানে যেয়ো না। (ঙ) ——— নেই, কেউ মারধোর করবে না।

৫. শুনে লিখুন

বর্ণ ঃ ……… ……… ……… ……… ………

শব্দ ঃ ……… ……… ……… ……… ………

বাক্য ঃ ……… ……… ……… ……… ………

১. পড়া

জল আসবে।
ছাতা নিয়ে চলো।

২ শেখা

চ ছ জ

৩. বানানো

চ – চা, চাচা, চুড়ি, চিল, চোখ

ছ – ছা, ছানা, ছায়া, ছি-ছি

জ – জামা, জমা, জমি, মোজা

8. লেখা

চ ছ জ

....

....

....

ছয় দিন কাজ মজুরি চাই

....

....

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই এ   ত ধ ব   ক খ চ জ ড় স

২. আজ মেঘ করেছে । জল আসছে । জমির ফসল তোলা বাকি আছে । সবার বড়ো ভাবনা ।
ও জাকির, সবাইকে খবর দাও । চলো যাই ।

৩. কয়েকটি শব্দ বলুন যেগুলো চ/ছ/জ দিয়ে শুরু ।

৪. লিখুন ঃ ১. বাক্যে

চাবি ……… ……… ………। চাকরি ……… ……… ………।

ছবি ……… ……… ………। কাছে ……… ……… ………।

ছাতা ……… ……… ………। জমা ……… ……… ………।

২. দু'দিক মিলিয়ে বাক্য তৈরি করুন

তাজমহল	দেখেছ ?	১.………………………
পাথরের	তৈরি।	২.………………………
যমুনা	নদীর তীরে	৩.………………………
যমুনার জলে	তাজের ছায়া পড়ে।	৪.………………………
চলো	একবার নিজের চোখে দেখে আসি।	৫.………………………

৩. শুনে লিখুন

বর্ণ ঃ ……… ……… ……… ……… ………

শব্দ ঃ ……… ……… ……… ……… ………

বাক্য ঃ ……… ……… ……… ……… ………

পাঠ ঃ ৮

১. পড়া

একটানা বাতাস বইছে।
জানালা ঠকঠক করছে।
ঢাল বেয়ে জল ঢুকবে।
সব ঢেকে রাখো।

২. শেখা

ট ঠ ঢ

৩. বানানো

ট – টক, টানা, টাকা, টাটকা, খাট, ঘট

ঠ – ঠক, ঠাকুমা, ঠিক

ঢ – ঢাল, ঢল, ঢাক, ঢেউ

৪. লেখা

ট ঠ ঢ

....

....

....

টাটকা ঠুলি ঢোলক

....

....

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন

অ আ ই উ এ ও

ক খ ঘ চ ছ জ

ট ঠ ঢ ত ধ ন

ফ ব ভ ম স য়

র ল স ড়

টানা বাতাস বয়ে চলেছে । জানলা বাতাসে ঠকঠক করছে । ঘরে জল পড়ছে । ভেবো না, সব কিছু ঢাকা রয়েছে।

২. কয়েকটি শব্দ বলুন যাদের শুরুতে রয়েছে ট ঠ ঢ

৩. দুটি শব্দ মিলিয়ে লিখুন

১.	কালো	ভাত	১. ....
২.	নরম	জামা	২. ....
৩.	নতুন	কাজ	৩. ....
৪.	সোজা	বসতি	৪. ....
৫.	ঘন	কালি	৫. ....

৪. দুদিক মিলিয়ে বাক্য তৈরি করে লিখুন

১.	ঘোড়া	ভাত নাও।	১. ....
২.	ঢাকের আওয়াজ	ঠকঠক করছে।	২. ....
৩.	ঢাকনা খুলে	ভেসে আসছে।	৩. ....
৪.	ছাদে কে	গাড়ি টানে।	৪. ....

৫. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

মূল্যায়ন—২

১. মৌখিক। পড়ুন

ম স জ ট ন ড ঠ উ

মন জট মাটি কিছু কাজ খাটুনি উজান

আজ অনেক কাজ। মাঠে যাব। ঘাস কাটব। বিকেলে ফিরব।

২. শুনে লিখুন

বর্ণ ঃ (১) .... (২) .... (৩) .... (৪) .... (৫) ....

শব্দ ঃ (১) .... (২) .... (৩) .... (৪) ....

বাক্য ঃ (১) .... (২) .... (৩) .... (৪ ....

৩. ধ-এর নিচে দাগ দিন

অবোধ বুধবার ধকল নধর আধখানা

৪. ভ/ভা/ভি/ভু ঠিকমতো বসান

——র। ——তর। ——বন। ——য়। উ——য়। ——টা। ——ল।

৫. ডান দিকের উত্তরগুলো ঠিক জায়গায় বসান

(ক) আজ কোন্ দিন? ....

(খ) কে আসবে? ....

(গ) সে কোথায় কাজ করে? ....

(ঘ) আজ কি তার ছুটি? ....

(ঙ) সে কবে যাবে? ....

সে সোমবার ভোরে উঠে চলে যাবে।
আজ তার ছুটি।
ছোট ভাই মনু আসবে।
আজ রবিবার।
সে চটকলে কাজ করে।

৬. এই ছবিটা দেখে পাঁচটি শব্দ লিখুন

(১) .... (২) .... (৩) .... (৪) .... (৫) ....

পাঠ ঃ ৯

১. পড়া

বিয়েতে পণ নিয়ো না। পণ নেওয়া আর ঘরে আগুন লাগানো একই কথা। পণ নিলে ঘরের সুখ চলে যায়।

২ শেখা

গ ণ প

৩. বানানো

গ – গম, জনগণ, গলা, গান, গরম

ণ – বাণ, কোণ, কণা

প – পথ, পড়া, পাড়া, পাগল, পয়সা

৪. লেখা

গ	ণ	প
………	………	………
………	………	………
………	………	………

গণ	পণ	পাগল
………	………	………
………	………	………
………	………	………

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ে ৈ ো ৌ

ৃ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই উ এ ও ক খ গ ঘ ট ঠ ঢ ণ
ত ধ ন প ফ ব ভ ম য স র য় ড় ল

পবন গগনের ভাই। কাল গগনের বিয়ে। সে পণ নেবে না। পবনও তাতে রাজি। সে মনে করে পণ নেওয়া অপরাধ। কনের বাবা খুব গরিব। তাই গগন বলেছে, ধুমধাম চাই না। একগাদা খরচা চাই না।

২. কয়েকটি শব্দ বলুন যাদের মধ্যে রয়েছে গ প ণ

৩. দুটি শব্দ মিলিয়ে লিখুন

পড়া	পাগল	১. ....
গান	করা	২. ....
খোলা	গাছ	৩. ....
গম	মেলা	৪. ....

৪. দুদিক মিলিয়ে বাক্য তৈরি করে লিখুন

হরিণ	পড়া করছে।	১. ....
ছেলেরা	বনে থাকে।	২. ....
গণনা	চাই না।	৩. ....
পণ	করছে মেয়েরা।	৪. ....

৫. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

১. পড়া

দুপুরে খুব জল নামল।
গাঢ় ঘুম হবে।
হরিদাস ঘুমোবে না।
মাঠে কাজ করতে যাবে।

২. শেখা

দ হ ঢ়

৩. বানানো

দ – দই, দখল, দড়ি,
দুধ, দুই

হ – হক, হয়, হার, হাড়,
হাত, হজম, হিসাব, হুকুম

ঢ় – গাঢ়

৪. লেখা

দ হ ঢ়

....

....

....

দই গাঢ়

....

....

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই উ এ ও ক খ গ ঘ চ ছ জ ট ঠ ঢ

ণ ত দ ধ ন প ফ ব ভ ম য র ল স হ

ড় ঢ় য়

হরিপাল

দোসরা মাঘ, সোমবার

দাদা,

তোমরা কেমন আছ। আমাদের খবর এক রকম। ধান এবার ভালো হবে মনে হয়। দিদি ভালো আছেন। তবে হারাধনের হয়রানি চলছে। যা হোক এলে সব জানবে।

ইতি

তোমার মহিম

ঠিকানা

হরিহর দাস

ডাকঘর—মালদহ, জেলা—মালদহ

২. কয়েকটি শব্দ বলুন যাদের প্রথমে আছে দ ই

৩. এই শব্দগুলো দিয়ে বাক্য বলুন দুধ দোকান হিসাব হোটেল গাড়

৪. এই শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য শেষ করুন দেরি দাম হুল হারাতে

(ক) সে আসতে —— করছে।

(খ) এই জামাটির —— কত।

(গ) তার পায়ে বোলতা —— ফুটিয়েছে।

(ঘ) সময়ে কাজ না করলে সব —— হবে।

৫. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

১. পড়া

ঊন মানে কম। মুখে
বলি উনো জমির দুনো
ফসল। সকলকে ডাকো।
ডাঙা জমিতে লাঙল দাও।
খেটে কূল পাবে না, তবে
সোনা রঙের ফসল পাবে।

২ শেখা

ঊ ূ (ঊ-কার) ঙ ড

৩. বানানো

ঊ - ঊরু, ঊন

ূ - মূল, ময়ূর, নুপুর

ঙ - রঙ, সঙ, রাঙানো, টঙ, ঢঙ

ড - ডুর, ডাক, ডানা, ডালনা,
ডিম, ডুমো

৪. লেখা

ঊ ূ ড ঙ

……… ……… ……… ………

……… ……… ……… ………

……… ……… ……… ………

ডাল রাঙা ঊন দূর

……… ……… ……… ………

……… ……… ……… ………

……… ……… ……… ………

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই উ ঊ এ ও ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ট ঠ ড ঢ ণ
ত দ ধ ন প ফ ব ভ ম য র ল স হ ড় ঢ় য়

মাটিতে হাত দিলে বুঝতে পারি তা সারালো কিনা। মেঘ ডাকলে বুঝতে পারি সে মেঘে জল হবে কিনা।

২ কয়েকটি শব্দ বলুন যার প্রথমে থাকবে ড ঘ প এ ধ

৩. ফাঁকা জায়গায় বর্ণ বসিয়ে শব্দ তৈরি করুন

গো ——। ছ ——না। কা ——ই। মজু ——। ঘট ——।

৪. এই শব্দগুলো দিয়ে বাক্য বলুন হাট ইউরিয়া লেদ চটকল

৫. লিখুন ঃ খালি জায়গায় এইসব শব্দ বসিয়ে বাক্য শেষ করুন জল তলায় ধান আম

(ক) রাশি রাশি ভারা ভারা —— কাটা হল সারা। (খ) পায়ের —— নরম ঠেকল কী ?

(গ) কলেরা হলে —— ফুটিয়ে খাওয়া ভাল। (ঘ) আমি —— পেড়ে খাব।

৬. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

১. পড়া

ঝড়ে ঘর ভেঙে গেছে। ঋণ কোরো না। কাউকে ঘৃণা কোরো না। ঝগড়া নয়। কৃপণ হয়ো না। একসাথে থাকো। সমাজে কেউ পিছনে পড়ে থাকবে না। সে দিন নেই। এই কথাটা মনে রেখো।

২. শেখা

ঝ থ ঋ ৃ (ঋ-কার)

৩. বানানো

ঝ -- ঝাল, ঝিল, ঝুলি, ঝোলা, মাঝি

থ – থালা, থাকা, কথা, মাথা

ঋ – ঋণ

ৃ – ঘৃণা, কৃপণ

৪. লেখা

ঝ থ ঋ ৃ

....

....

....

ঝড় রথ ঋণ বৃথা

....

....

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই উ ঊ ঋ এ ও ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ট ঠ ড ঢ ণ
ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল স হ ড় ঢ় য়

গোয়াল-পাড়ায় তার বাড়ি। সে মধু আনতে যায় বনের মাঝখানে। সেখানে বাঘের ভয় আছে। সাহস দেখালেই চলে না। সাবধানে থাকতেও হয় পদে পদে।

২. খালি জায়গায় শব্দ বসিয়ে বাক্য শেষ করুন

(ক) থালা হাতে সে —— গেল। (খ) ঝড় উঠলে খালি জায়গায় —— উচিত নয়।

(গ) মাঝি —— ফেলে ডিঙি বেয়ে যায়। (ঘ) মেলা —— সে কিনে এনেছে লোহার কড়াই।

৩. এই শব্দগুলি দিয়ে এক-একটি বাক্য তৈরি করুন

লবণ .... গোরু ....

লোকজন .... সরল ....

৪. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

মূল্যায়ন—৩

১. মৌখিক। পড়ুন থ ঝ প ণ ঙ ড় দ হ গ

গড় পথ পণ পাগড়ি পিপা ঝুড়ি হাড়

গাছ লাগাও। চারদিকে বেড়া দাও। গোরু-ছাগলে যেন না খেয়ে ফেলে। একটি গাছ থেকে কত আয় হয়। ডাল পাতা ভাঙা ভালো নয়। তাহলে গাছ বড় হয় না।

২. শুনে লিখুন

বর্ণ : (১)............ (২)............ (৩)............ (৪)............ (৫)............

শব্দ : (১)............ (২)............ (৩)............ (৪)............ (৫)............ (৬)............

বাক্য : (১)........................ (২)........................ (৩)........................

(৪)........................ (৫)........................ (৬)........................

৩. ডান দিক থেকে গাছের নাম আর ফলের নাম আলাদা করে লিখুন

আতা, সেগুন, জারুল, আনারস, পেয়ারা, মেহগিনি, আম, বট, তাল, আঙুর, দেবদারু

গাছ : (১)......... (২)......... (৩)......... (৪)......... (৫).........

ফল : (১)......... (২)......... (৩)......... (৪)......... (৫).........

৪. সংখ্যা দেখে পরপর সাজিয়ে লিখুন

(৬) বুধনের ঘর আবার উঠে গেল। (১) সেবার দারুণ ঝড় হল। (৪) পাড়ার মোড়ল সবাইকে ডাকল।

(২) বুধনের ঘরটা পড়ে গেল। (৫) সবাই হাত লাগাল। (৩) বুধন মহা বিপদে পড়ল।

(১) .... (২) .... (৩) ....

(৪) .... (৫) .... (৬) ....

পাঠ ঃ ১৩

১. পড়া

এত হৈ-চৈ কেন রে ?

ঐ দেখো মৈনু মিঞার

বাড়ির পৈঠায় কত লোক।

ওরা সৈদাবাদ থেকে এসেছে,

পৈলানে ধান কাটতে যাবে।

২. শেখা

ঈ ী (ঈ-কার) ঐ ৈ (ঐ-কার)

ঞ

৩. বানানো

ঈ-ী – ঈগল, গীত, বীণা, ভাগীরথী

ঐ-ৈ – ঐরাবত, বৈধ, বৈঠক, কৈকেয়ী, ভৈরবী

ঞ – মিঞা

৪. লেখা

ঈ ঐ ঞ ী ৈ

....

....

....

নীল কৈলাস মিঞা

....

....

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ
ট ঠ ড ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল স হ ড় ঢ় য়

গনি মিঞার বাড়িতে বৈঠক বসবে । সেখানে অনেক গুণী লোক আসবেন । কৈখালি থেকে আসবেন শীতল ঘোষ । নদী পার হয়ে নৈহাটি থেকে আসবেন রসিদ কাজী । শরীর ভাল থাকলে নিতাই বৈরাগীও আসবেন । সেখানে নানা বিষয়ে আলোচনা হবে । বৈশাখ মাস । ঝড় না হলে আসর বেশ জমবে।

২. লিখুন ঃ পাশে য়ী/রী/নী বসিয়ে শব্দ তৈরি করুন

——রব । বিজ ——। বিপ ——ত ।

৩. শব্দগুলি দিয়ে বাক্য তৈরি করুন

বীণা .... বৈঠক ....

বিপরীত ....

৪. দুদিক মিলিয়ে বাক্য তৈরি করুন

১. ভৈরব নদীতে	হৈহৈ করে ঘরে ঢুকল	১. ....
২. তীরে এসে	হৈচৈ করা ঠিক নয়	২. ....
৩. বৈকালে যতীন	অনেক জল	৩. ....
৪. অনেক লোক	তরী ডুবল	৪. ....
৫. সব কিছু নিয়ে	এখানে আসবে	৫. ....

৫. শুনে লিখুন

বর্ণ ঃ ....

শব্দ ঃ ....

বাক্য ঃ ....

১. পড়া

ঔষধ খেলে মানুষের যৌবন ফিরে আসে না। শৈশবও না। শুধু শরীর নীরোগ হয়।

২. শেখা

ঔ ৌ (ঔ-কার)

শ ষ

৩. বানানো

ঔ ৌ – চৌকি, নৌকা, মৌরলা, লৌকিকতা

শ – শশা, শরীর, শুকনো চশমা, গণেশ, পরিবেশ

ষ – বিষ, মোষ, আষাঢ়, কৃষক বিষয়, পুরুষ, মানুষ

৪. লেখা

ঔ ৌ শ ষ

....

....

....

....

ঔষধ শৈশব নৌকা

....

....

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়ুন   বৌঠান   ছৌ-নাচ   মৌরলা   গৌরব   সৌরভ   কৌটো   পৌষমাস

মৌমাছির চাষে বেশ লাভ। এতে বেশি কিছু লাগে না। একটা কাঠের চৌকো বাক্স দরকার। এটা বিশেষভাবে তৈরি। ফুলগাছের কাছে বাক্সটি রেখে দিন। ওর ভেতরেই মৌমাছি মৌচাক বানাবে। আজকাল মধুর বেশ চাহিদা। মৌ-পালন বেশ ভাল জীবিকা।

২. প্রথম অক্ষরে–ঔ-কার (ৌ) দিয়ে শব্দগুলো আবার লিখুন

(১) দড় ....   (২) ফজ ....   (৩) নকা ....

৩. ডানদিক থেকে উত্তরগুলো বেছে লিখুন

(ক) .... দিলে ফসলের রোগ হয় না।   চাষীরাই

(খ) .... এ কাজ ভালো জানেন।   আষাঢ় মাস

(গ) .... থেকে শুরু হয় চাষের মরশুম।   বিশেষ

(ঘ) এসময় চাষীদের আর কোনো দিকে .... খেয়াল থাকে না।   পোকা মারা ঔষধ

পাঠ ঃ ১৫

১. পড়া

শরৎকালে দু-একটা দুঃসাহসী চোর গাঁয়ে উৎপাত শুরু করেছিল। ছেলেরা তাই দল বেঁধে উৎসাহ নিয়ে রাতে পাহারা দিয়েছে। আঁধারে কেউ আঁৎকে ওঠেনি। কদিনেই চোরের উৎপাত কমে এসেছে। সকলে মিলে সৎকাজ করলে দুঃখ কাটে। দুঃসময় দূর হয়।

২. শেখা

ৎ ং ঃ ঁ

৩. বানানো

ৎ – হঠাৎ, চিৎকার, সৎ, জগৎ, চমৎকার

ং – মাংস, সিংহ, হিংসা, সংবাদ, কংস

ঃ – দুঃখ, দুঃসময়, দুঃসংবাদ, দুঃসাহস, দুঃশাসন

ঁ – চাঁদ, পাঁচ, আঁক, কাঁধ, তেঁতুল, পুঁই

৪. লেখা

ৎ ং ঃ ঁ

....

....

....

সৎ সংবাদ অধঃপতন দাঁত

....

....

....

বর্ণমালা ঃ

অ আ ই ঈ উ ঊ

া ি ী ু ূ

ঋ এ ঐ ও ঔ

ৃ ে ৈ ো ৌ

ক খ গ ঘ ঙ

চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ

ত থ দ ধ ন

প ফ ব ভ ম

য র ল শ ষ

স হ ড় ঢ় য়

ৎ ং ঃ ঁ

অনুশীলন ঃ

১. পড়া

সুধাংশু ঃ কী হে উৎপল ! গাঁয়ে মশার উৎপাত কমেছে ?

উৎপল ঃ ইদানীং একটু কম। ওঃ ! যা সাংঘাতিক মশা ! সাঁঝের বেলায় টেঁকা যেত না।

সুধাংশু ঃ সত্যি। গাঁয়ে বড় মশা। ডোবাগুলোতে নোংরা জল জমে আছে। মশার বংশ বেড়েই চলেছে।

উৎপল ঃ পাড়ার ছেলেরা এখন তৎপর হয়েছে। পানা তুলে ফেলেছে। চাঁদা তুলে ওষুধ কিনেছে। সবজায়গায় ওষুধ ছড়িয়ে দেবে।

সুধাংশু ঃ যাক বাবা। তাহলে বাঁচা যায়।

১. লিখুন

১. প্রথম অক্ষরে চন্দ্রবিন্দু যোগ করুন। কী পরিবর্তন হল পড়ে দেখুন।

ক) বাকা .... গ) গায়ে .... ঙ) চাটি ....

খ) কাটা .... ঘ) পাড় .... চ) ঝাটা ....

২ উপরের কথাগুলো থেকে পাঁচটি অনুস্বারযুক্ত শব্দ বেছে নিয়ে লিখুন

১. .... ২. .... ৩. .... ৪. .... ৫. ....

মূল্যায়ন—৪

১. মৌখিক। পড়ুন ঐ শ ঔ ষ ঞ ঃ ँ

শশা বিষয় মিঞা কৌটা নদী শিরিষ চাঁদ দুঃখ

শশধর : কী কিনলে মিঞা ভাই ?

নাসির মিঞা : পেঁপের চারা। আষাঢ় শুরু হল। গোটাকতক লাগাব। বৌদি ভাল আছে তো ?

শশধর : আঃ। আর বল কেন। ওর বাঁ হাতটায় চোট লেগেছে।

২. শুনে লিখুন

বর্ণ : (১)............ (২)............ (৩)............ (৪)............ (৫)............ (৬)............

শব্দ : (১)............ (২)............ (৩)............ (৪)............ (৫)............

বাক্য : (১)............................ (২)............................ (৩)............................

৩. পাশে পাশে উত্তর লিখুন

(ক) বাড়িতে আপনার কে কে আছে ? ....

(খ) আপনি গাঁয়ে থাকেন, না শহরে থাকেন ? ....

(গ) আপনি মাসে কত আয় করেন ? ....

(ঘ) আপনি কতদিন ধরে লেখাপড়া শিখছেন ? ....

(ঙ) আপনি কটা হরফ লিখতে পারেন ? ....

১. পড়া

সাজ্জাদ শুক্কুরবার দেশে যাচ্ছে। কোলের বাচ্চাটির অসুখ, চিঠি এসেছে। দেশে যাওয়ার অনেক ঝক্কি। বাস থেকে নেমে পাক্কা আট মাইল হাঁটতে হয়। কিচ্ছু পাওয়া যায় না। অনেক হুজ্জত। তবু যেতেই হবে, বাচ্চাটার জন্য সাজ্জাদের মন কেমন করছে।

২. শেখা

ক্‌ + ক = ক্ক   চ্‌ + চ = চ্চ   চ্‌ + ছ = চ্ছ   জ্‌ + জ = জ্জ

৩. বানানো

ক্ক – পাক্কা, ঝক্কি

চ্চ – বাচ্চা, গচ্চা

চ্ছ – আচ্ছা, যাচ্ছে, বিচ্ছু

জ্জ – লজ্জা, মজ্জা, সজ্জা

৪. লেখা ঃ খালি জায়গায় ক্ক, চ্চ, চ্ছ, জ্জ যেটা বসবে বসান

আ——া, কথাটা যদি খাঁটি হয় তো বলতে ল——া কিসের ? সা——া লোক হক কথা বলতে ভয় পায় না। তার সাজ-সজ্জাই আলাদা। জীবনে অনেক ধা——া খেলেও সে বাঁকা পথে হাঁটে না।

অনুশীলন :

১. চক্কর, উচ্চারণ, ধাক্কা, ঠক্কর, উড়ুক্কু, উচ্ছে–এই শব্দগুলি থেকে ঠিক শব্দ বেছে নিয়ে নিচের বাক্যগুলি সম্পূর্ণ করুন

(ক) রূপনারায়ণের জলে ———মাছ দেখা যায় ।

(খ) কোনো কিছু পড়ার সময় শব্দের ঠিক ———করা দরকার ।

(গ) বাচ্চু মিঞা তার জমিতে এ বছর ———চাষ করেছে ।

(ঘ) বাসের ———লেগে লোকটি মাটিতে পড়ে গেছে ।

(ঙ) সকালবেলা গাঁয়ে ———দিতে গিয়ে আমাকে অনেক জায়গায় ———খেতে হয়েছে ।

২. বাক্যগুলি ঠিকমত সাজিয়ে লিখুন

(১) গতবছর তাকে ঠকিয়ে এক জোচ্চোর অনেক টাকা নিয়ে পালায় । (২) তার কাছে অনেকে টাকাপয়সা গচ্ছিত রাখে । (৩) নিখিলকে বেশ লজ্জায় পড়তে হয় । (৪) নিখিলের মত সজ্জন লোক আজকাল দেখা যায় না । (৫) তাকে বেশ কিছু গচ্চাও দিতে হয় । (৬) তার সংসারও বেশ সচ্ছল।

....

....

....

পাঠ ঃ ১৭

১. পড়া

সাজ্জাদের কোলের মেয়েটি ভারী ভালো, একটুও কান্নাকাটি নেই। শুধু কেন্নো দেখলেই তার কান্না পায়। দাদা মুন্নাকে সে বলে 'দাদ্দা' ! সাজ্জাদকে দেখলেই 'বাব্বা' বলে কোলে উঠতে চায়। আম্মাজান একটা রঙিন জামা নিয়ে যেতে লিখেছেন। মোদ্দা কথা হল, যেতেই হবে। যেতে ইচ্ছেও হচ্ছে খুব। কতদিন বাচ্চাটাকে কোলে নেয়নি।

২. শেখা

দ্ + দ = দ্দ   ন্ + ন = ন্ন   ব্ + ব = ব্ব   ম্ + ম = ম্ম

৩. বানানো

দ্দ – খদ্দর, পোদ্দার

ন্ন – কান্না, অন্ন (ভাত), কেন্নো

ব্ব – মোরব্বা, সব্বার, জব্বর

ম্ম – সম্মান, আম্মা, সম্মেলন, সম্মুখ

৪. লেখা ঃ খালি জায়গায় দ্দ, ন্ন ব্ব যেটা বসবে বসান

পো —— ার মশাই খ —— রের জামা পরেন। ভাতের ভালো নাম অ ——। সে এসে বলল অ ——দাও। জ ——র কথা বলেছেন মশাই, স ——াই চমকে গেছে।

অনুশীলন ঃ

১. দ্দ, ন্ন, ম্ম-এর যে-কোনো একটি সংযুক্তবর্ণ বসিয়ে শব্দগুলি সম্পূর্ণ করুন

স ——ান, খরি ——ার, রা ——া, স ——লন, কা ——া

২. দুই দিক মিলিয়ে বাক্য সম্পূর্ণ করুন

(ক) গরিবের অন্নে তুমি	একটা ছোট নদী আছে।
(খ) সে কোন্নগরের একটা	জমি থেকে উচ্ছেদ করা হয়েছে।
(গ) মকদ্দমায় হেরে যাওয়ায় তাকে	এতে আমার সম্মতি নেই।
(ঘ) রহিমের বাড়ির সম্মুখে	ভাগ বসাতে এসো না।
(ঙ) মোদ্দা কথা	কারখানায় কাজ করে।

(ক) ....

(খ) ....

(গ) ....

(ঘ) ....

(ঙ) ....

পাঠ ঃ ১৮

১. পড়া

ভালুককে ভালো কথায় বলে ভল্লুক। পল্লির পথে ভল্লুকের নাচ হচ্ছে। বিল্লু, লাড্ডু, মুন্নু সবাই হৈ-হল্লা করে নাচ দেখছে। একটু পরে লাড্ডু আমগাছের কচি পল্লব ভাঙতে লাগল। তাই দেখে মল্লিকমশাই ধমকে বললেন, 'ও কী হচ্ছে! বড্ড বিচ্ছু তো তোমরা। গাছের পাতা ছিঁড়লে গাছের দুঃখ হয়। যাও সব্বাই বাড়ি যাও।' ছেলেরা হট্টগোল না করে বাড়ি ফিরে গেল। বকুনি খেয়ে আহ্লাদটা মাটি হয়ে গেল।

২ শেখা

ড্ + ড = ড্ড　　ল্ + ল = ল্ল　　ট্ + ট = ট্ট　　হ্ + ল = হ্ল

৩. বানানো

ড্ড – আড্ডা

ল্ল – পাল্লা, হল্লা, গোল্লা

ট্ট – গাট্টা, ঠাট্টা

হ্ল – আহ্লাদ

৪. লেখা

ট্ট বসান – কিসের হ ——গোল হচ্ছে? মহাজন চ ——রাজ এক গরিব চাষীকে ঠকিয়ে তার জমির পা ——া নিজের নামে লিখিয়ে নিয়েছেন। তাই নিয়ে বড্ড হৈচৈ লেগেছে।

ল্ল বসান – বাবা শুনলেন কা ——ু কাকে যেন উ——ুক বলেছে। তিনি এসে ধমকে বললেন, কাউকে উ ——ুক বা বেি——ক বলতে নেই।

ড্ড বসান – ব——লোভী তুমি। যখন তখন লা——ু চাইলেই হল? তাও দিল্লির লা ——ু। সে আমি কোথায় পাচ্ছি!

অনুশীলন ঃ

১. ড্ড, ল্ল, ট্ট, হ্ল-এর যে-কোনো একটি বসিয়ে শব্দগুলি সম্পূর্ণ করুন

আ ——াদ ঠা ——া পা ——া গাঁ ——া

২. হট্টগোল, গোল্লায়, আড্ডা, পাল্লায়, আহ্লাদে—এই শব্দগুলি থেকে ঠিক শব্দ বেছে নিয়ে বাক্যগুলি সম্পূর্ণ করুন

(ক) খারাপ লোকের ———— পড়ে ছেলেটি ———— যেতে বসেছে।

(খ) মেয়েকে ফিরে পেয়ে সে তো ————আটখানা।

(গ) আমার অত ————ভালো লাগে না।

(ঘ) ওখানে———— বেশ জমে।

পাঠ ঃ ১৯

১. পড়া

হন্তদন্ত হয়ে কোথায় যাচ্ছ ইন্দুভাই। সাইকেলের ওপর আবার মস্ত কটা বস্তা। একটু বসে যাও। বড্ড রোদ।

না রে ভাই, আনন্দপুর ইস্কুলের হস্টেলে চাল পৌঁছে দিতে হবে। তা না হলে রান্নার দেরি হয়ে যাবে।

২. শেখা

ন্ + ত = ন্ত ন্ + দ = ন্দ স্ + ত = স্ত ব্ + দ = ব্দ

৩. বানানো

ন্ত – দন্ত, অন্ত, কান্ত, শান্তি

ন্দ – পছন্দ, বন্দী, আনন্দ, সন্দেহ, মন্দ

স্ত – মস্ত, বস্তা, রাস্তা, শাস্তি, সস্তা

ব্দ – শব্দ, অব্দ, জব্দ

৪. লেখা ঃ খালি জায়গায় ন্ত, ন্দ, স্ত, ব্দ যেটা বসবে বসান

অন—— ম ——লোক নয়। সে আ——কথা বলে। বেশি শ ——করে না।

অনুশীলন ঃ

১. লিখুন ও পড়ুন

অনন্ত	আন্দোলন	রুস্তম	শতাব্দী
....	....	....	....
....	....	....	....
....	....	....	....

২. শূন্যস্থানে সঠিক যুক্তবর্ণ লিখুন

(ক) কা ——বাবু দ ——শূলে ভুগছেন। শা ——থাকতে পারছেন না। ছটফট করছেন।

(খ) অশান্তি আমার পছ——নয়। আমি শান্তি চাই। ঝগড়া জিনিসটাই অতিশয় ম—— ব্যাপার।

(গ) ম ——একটা রাজভোগ তুই একাই খেলি ? পান্তুয়াও সম ——টাই খেতে চাস ? এরকম করলে পেটের অসুখের হাত থেকে নি——ার পাবি না।

(ঘ) অ ——মানে বছর। শত অব্দ হল শতা ——ী। মানে একশ বছর। এটা কোন্ শতা——ী ? এরপর একবিংশ শতা ——ী হবে।

মূল্যায়ন–৫

১. পড়ুন ঃ পাক্কা মাল্লা লজ্জা আচ্ছা অনন্ত ফন্দি সস্তা

২. পড়ুন ঃ আনন্দ মান্না বড্ড হিসেবি লোক। কিচ্ছুটি সে ফেলবে না। কোনো কিছু হারিয়ে গেলে তন্ন তন্ন করে খুঁজবে। বাচ্চারা কখন ঘুম থেকে উঠবে, কখন পড়তে বসবে সমস্ত ঠিক করে দিয়েছে। মল্লিকপুরের সবাই ওকে ভালোবাসে।

৩. ডানদিকের শব্দগুলো বাঁদিকে লিখুন

১. .... ১. ইচ্ছা মতো

২. .... ২. চৌদ্দ দিন

৩. .... ৩. মস্ত বড়

৪. .... ৪. ছোট্ট ছেলে

৫. .... ৫. মাঝি মাল্লা

৪. শূন্যস্থানে ডানদিকের অংশ বসান

ক. ....আর সুমন্ত — সাজ্জাদ

খ. দুজনে আড্ডা দেয়, ... — ঠাট্টা-তামাশা করে

গ. ....ওদের দেখা হবেই — দিনে অন্তত একবার

ঘ. ....হাসির কথা বলে — সাজ্জাদ বেশ সুন্দর

৫. শ্রুতলিপি

....

....

....

পাঠ ঃ ২০

১. পড়া

হেডমাস্টার মশাই বড় রাস্তা দিয়ে পশ্চিমদিকে যাচ্ছিলেন। দেখলেন গোষ্ঠ এক দোকানের আঢাকা মিষ্টি কিনে খাচ্ছে। দেখে রুষ্ট হয়ে তিরস্কার করলেন। এ কী হচ্ছে গোষ্ঠ ? তুমি জান না বাজারের খোলা মিষ্টি আর কাটা ফল কিনে খেতে নেই—এতে অনিষ্ট হয় ? তুমি এত দুষ্টু কেন ? ঢাকা আর পরিষ্কার খাবার খাবে। সেটাই সুষ্ঠু কাজ। মিষ্টি ফেলে দাও। হেডমাস্টারমশাই অসন্তুষ্ট হয়েছেন দেখে গোষ্ঠ খাবার ফেলে দিল। তার মনে হল মাস্টারমশায় খাঁটি কথা বলেছেন। সেকথা নিশ্চয়ই শুনতে হবে।

২ শেখা

স্ + ক = স্ক স্ + ট = স্ট ষ্ + ক = ষ্ক ষ্ + ঠ = ষ্ঠ

৩. বানানো

স্ক – তিরস্কার, পুরস্কার

স্ট – মাস্টার

ষ্ক – পরিষ্কার

ষ্ট – মিষ্ট, পুষ্ট

ষ্ঠ – সুষ্ঠু, নিষ্ঠুর, ষষ্ঠ

৪. লেখা ঃ খালি জায়গায় স্ক, ষ্ক, ষ্ট যেটা বসবে বসান

(ক) রামবাবু ছেলেকে তির——ার করলেন। (খ) সবসময়ে পরি——ার থাকা উচিত।

(গ) মি——ান্ন খেয়েছ ?

অনুশীলন ঃ

১. এই শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করুন

কষ্ট ....

স্কুল ....

নিষ্ঠুর ....

২. ডানদিকের শব্দগুলি থেকে ঠিক শব্দটি বেছে বাঁদিকের বাক্যে বসান

(ক) আজ সারাদিন ধরে ———— পড়ছে।

(খ) যতদূর ———— যায় সে তাকিয়ে রইল।

(গ) এর পরের ———— এলে নেমে পড়ব গাড়ি থেকে।

(ঘ) সমাজের নিয়মকানুন বিধিনিষেধ ঈশ্বর ———— করেননি, করেছে মানুষ।

দৃষ্টি

সৃষ্টি

বৃষ্টি

স্টেশন

৩. গত দুদিন ধরে সমানে বৃষ্টি পড়ছে। ফলে পথ চলার অসুবিধা হয়েছে। এই নিয়ে দুটি বাক্য লিখুন

....

....

পাঠ ঃ ২১

১. পড়া

বিপ্লবের ছেলে এই সেদিন জন্মেছে। কিন্তু এখনই বড় দুরন্ত। অথচ গল্প বলো, অমনি তার দুষ্টুমি শান্ত। গল্প শোনায় তার ক্লান্তি নেই। অল্পে তৃপ্তিও নেই। যে গল্প বলে সে ক্লান্ত হয়ে পড়ে।

২. শেখা

ল্ + ক = ল্ক প্ + ল = প্ল ল্ + প = ল্প ন্ + ম = ন্ম

ম্ + ল = ম্ল ঙ্ + ক = ঙ্ক ঙ্ + খ = ঙ্খ ঙ্ + ঘ = ঙ্ঘ

৩. বানানো

ল্ক – উল্কা, কল্কি, ভেল্কি

প্ল – প্লাবন, বিপ্লবী

ন্ম – উন্মনা, জন্ম

ল্প – অল্প, গল্প, জল্পনা

ম্লা – ম্লান, অম্ল

ঙ্ক – পঙ্ক, অঙ্ক, শঙ্কা, লঙ্কা

ঙ্খ – শঙ্খ

ঙ্ঘ – সঙ্ঘ, লঙ্ঘন

৪. লেখা

ঙ্ক ল্ম ঙ্খ ল্প উল্কা শঙ্কু বিপ্লব

……… ……… ……… ……… ……… ……… ………

অনুশীলন ঃ

১. পড়ুন

বঙ্কিম মাঝির সংসার খুব বড়। তিনটি ছেলে, তিনটি মেয়ে। বউ শঙ্করীর শরীর সাঙ্ঘাতিক খারাপ। বড় ছেলে শঙ্খ ক্লাস নাইনে উঠে পড়া ছেড়ে দিয়েছে, বাকিরা স্কুলে যায় না। সকলের রোগা হাড়-জিরজিরে চেহারা। বাড়িতে অশান্তি কান্নাকাটি ঝগড়াঝাঁটি লেগেই আছে। শঙ্করীর বোন কঙ্কা বলে, দিদি, তোমাকে দেখেই তো আতঙ্ক হয়। ছেলেমেয়েগুলো মানুষ হবে কী করে?

২. খালি জায়গায় যুক্তব্যঞ্জন বসিয়ে শব্দগুলি তৈরি করুন

ল ——া   শ ——া   শ ——   গ ——   সা ——াতিক

বঙ্কিম আর বিপ্লব মাঠের ধারে বসে গল্প করছিল। আঁধার নেমে এসেছে। হঠাৎ বিপ্লব বলল, ঐ দ্যাখ, আকাশ থেকে একটা তারা খসে পড়ল। বঙ্কিম বলল, আরে ওটা তারা নয়, ওর নাম উল্কা। এমন সময় কোথায় যেন শঙ্খ বেজে উঠল।

৩. উপরের অংশটি পড়ে নিচের প্রশ্নের উত্তর লিখুন

(ক) কারা গল্প করছিল?

(খ) যা খসে পড়ল তার ঠিক নামটি কী?

(গ) কী বেজে উঠল?

(ক) ....

(খ) ....

(গ) ....

১. পড়া

ধান বা ধান্য একধরনের ফসল বা শস্য। আশি সালের বন্যায় অনেক শস্য নষ্ট হয়েছিল। আমাদের এলাকার চাষীরা বুঝেছিল ভাগ্যের দোষ দিয়ে লাভ নেই। নদীর পাড়ে বাঁধ অবশ্যই দিতে হবে। শস্য নষ্ট হবে এ অসহ্য। এক হয়ে বাঁধ বেঁধেছিল শস্য বাঁচানোর জন্য। এজন্য সকলে তাদের ধন্য ধন্য করেছিল। বলেছিল চাষীরা মানুষের যোগ্য কাজই করেছে।

২ শেখা

ক্ + য = ক্য　　গ্ + য = গ্য　　চ্ + য = চ্য　　জ্ + য = জ্য

ট্ + য = ট্য　　ঠ্ + য = ঠ্য　　ত্ + য = ত্য　　হ্ + য = হ্য

ঞ্ + চ = ঞ্চ　　ঞ্ + ছ = ঞ্ছ　　ঞ্ + জ = ঞ্জ

৩. বানানো

ক্য – বাক্য, ঐক্য　　ঞ্চ – বঞ্চনা, সঞ্চয়

গ্য – ভাগ্য, যোগ্য　　ঞ্জ – পাঞ্জাব, পঞ্জিকা

জ্য – রাজ্য, বিভাজ্য

৪. লেখা ঃ ক্য, দ্য, ধ্য, হ্য, ঞ্ছ, ঞ্জ যেখানে যেটি বসবে বসান

ঐ ——, অস ——, উ ——ত, সা ——, বা ——া, ব্য——ন

মূল্যায়ন—৬

১. পড়ুন

বাঙ্গারাম পঞ্চু মহাজনের খাতায় টিপসই দিয়ে পঞ্চাশ টাকা ঋণ নিয়েছিল। বাঙ্গারাম লিখতে পড়তে জানে না। সে বুঝতে পারেনি পঞ্চানন বঞ্চনা করে পঞ্চাশের জায়গায় পাঁচশো টাকা লিখেছে। বাঙ্গারাম দেনা শুধতে গিয়ে সেকথা শুনে স্তম্ভিত হয়ে যায়। পঞ্চানন বলে, বাঙ্গারামের জমি বিক্রি করে দেনা শোধ করতে হবে। সব শুনে মেয়ে মঞ্জু বলল, পঞ্চায়েতের কাছে গেলে হয় না? পঞ্চায়েতের কাছে পঞ্চানন দোষ মেনে নেয়। সকলের গঞ্জনা শুনে সে মাথা নিচু করে থাকে।

২. ডানদিকের বাক্যগুলি বাঁদিকের বাক্যগুলির সঙ্গে মিলিয়ে বসান

(ক) মতিবাবু বয়স্ক স্কুলে যান।	সাধ্যমত চেষ্টাও করে যেতে হবে।
(খ) আমাদের মুখের ভাষাকে বলা যায় গদ্য।	খাল বিল নদী সব শুকিয়ে যাচ্ছে।
(গ) এবারে অসহ্য গরম পড়েছে।	সেখানে তিনি লেখাপড়া শেখেন।
(ঘ) ভাগ্য বলে বসে থাকলে চলবে না।	আর যে ভাষায় ছন্দ ফুটে ওঠে তা পদ্য।

(ক) ....

(খ) ....

(গ) ....

(ঘ) ....

৩. এই শব্দগুলি দিয়ে বাক্য তৈরি করুন

ভোগ্য ....

বাদ্য ....

পঞ্জিকা ....

পঞ্চানন ....

পাঠ ঃ ২৩

১. পড়া

বুদ্ধ আর পার্থ দুই বন্ধু। অন্ধকার অরণ্যের রাস্তা দিয়ে যাচ্ছিল। চারদিক নিঃশব্দ।

২. শেখা

দ্ + ধ = দ্ধ ন্ + ধ = ন্ধ ব্ + ধ = ব্ধ গ্ + ধ = গ্ধ

৩. বানানো

দ্ধ – যুদ্ধ, রুদ্ধ, বিরুদ্ধ (রু = রু)
ন্ধ – অন্ধ, বন্ধু, রন্ধন
ব্ধ – লব্ধ, লুব্ধ

৪. লেখা

দ্ধ	ন্ধ	ব্ধ	গ্ধ
....	....	....	....
....	....	....	....
....	....	....	....

বুদ্ধিমান	বাল্যবন্ধু	নিঃস্তব্ধ	দুগ্ধ
....	....	....	....

শুদ্ধ করে লিখুন।

....

গোদুগ্ধ উপকারী। ....

৫. পড়ুন

হঠাৎ তারা যেন কিসের গন্ধ পেল। পেছনে তাকিয়ে দেখে মস্ত এক ভল্লুক। বুদ্ধ দৌড়ে একটি গাছে উঠে পড়ল। পার্থ কী করবে ভেবে পেল না। সে মাটিতে স্তব্ধ হয়ে শুয়ে পড়ল। নিঃশ্বাস বন্ধ করে রইল। ভল্লুক এসে তাকে শুঁকে দেখল। ভাবল মৃত। ভল্লুক মৃত প্রাণী খায় না। তাকে ছেড়ে চলে গেল। বুদ্ধ নেমে এসে প্রশ্ন করল—ভল্লুক তোমাকে কী বলে গেল বন্ধু ? পার্থ উত্তর দিল—ভল্লুক বলল, বন্ধুর বিপদে যে বন্ধু পালিয়ে যায় সে বন্ধুকে বিশ্বাস কোরো না।

৬. মুখে মুখে উত্তর দিন

১. দুই বন্ধু কে কে ?
২. গাছে কে উঠল ?
৩. ভল্লুক কী করল ?
৪. কী রকম বন্ধু যথার্থ বন্ধু নয় ?

৭. পাঠ দেখে উত্তর লিখুন

১. দুই বন্ধু কোথা দিয়ে যাচ্ছিল ? ....
২. পার্থ কী করেছিল ? ....
৩. বুদ্ধের কথার উত্তরে পার্থ কী বলেছিল ? ....

পাঠ ঃ ২৪

১. পড়া

গ্রামের পূর্বদিকে তোর্সা নদী। গরমকালে শীর্ণ হয়ে যায়।
বর্ষায় গর্জন করতে করতে দুর্দান্ত বেগে ছুটে চলে।

২. শেখা

র্ব র্ষ র্ণ র্জ র্দ র্ক র্চ র্ম
র্খ র্ত (র্ব = র্ + ব)

৩. লেখা

পূর্ব	বর্ষা	বর্ণ	কর্ম	চর্চা	ফর্দ	দর্পণ	কর্কশ
....	....	....	....	....	....	....	....
....	....	....	....	....	....	....	....
....	....	....	....	....	....	....	....

৪. বানানো

র্ত – শর্ত ধূর্ত কর্তব্য কর্তা
র্থ – অর্থ প্রার্থনা সমর্থ অনর্থক
র্ম – কর্ম চর্ম ধর্ম মর্ম

অনুশীলন ঃ

১. পড়ুন

নদীর পাড়ে মস্ত মাটির বাঁধ। খবর পেলাম বন্যার ধাক্কায় বাঁধে গর্ত হয়েছে। অন্ধকারে টর্চ নিয়ে ছুটলাম। সূর্য রায় আমাদের সর্দার। সে আগেই তোর্সার পাড়ে গিয়ে হাজির । আমাকে বলল— এ তো দুএকজনের কর্ম নয়। সব্বাইকে খবর দে । এখনই বাঁধ মেরামত করতে হবে । দেরি হলে সর্বনাশ হবে ।

২. লিখুন

১. বাক্য তৈরি করুন

তর্ক – ....

গর্জন – ....

ফর্দ – ....

২. ডানদিক থেকে ঠিক শব্দটি শূন্য স্থানে বসান

(ক) তার গলার স্বর ————।

(খ) খাবার জলে খানিকটা ————দিয়ে রাখ ।

(গ) অপরের জন্য কাজ করা সকলের ————।

(ঘ) নোংরা থাকলে ————হতে পারে ।

(ঙ) তোমার কথার ————আমি বুঝি না ।

চর্মরোগ
কর্পূর
কর্কশ
কর্তব্য
অর্থ

পাঠ ঃ ২৫

১. পড়া

বৈকুন্ঠকে বল লন্ঠনটা নিয়ে আসুক।
কী কাণ্ড! অন্ধকারে ধাক্কা লাগলে সব
লণ্ডভণ্ড হয়ে যাবে। ওদিকে পণ্ডিত
মশাই উৎকন্ঠায় আছেন।

২. শেখা

ণ্ + ট = ন্ট ণ্ + ঠ = ন্ঠ ণ্ + ড = ণ্ড

৩. বানানো

ন্ট ঃ ঘন্টা বন্টন কন্টক

ন্ঠ ঃ কন্ঠ কুন্ঠ কুন্ঠিত লুন্ঠন উৎকন্ঠা

ণ্ড ঃ মণ্ড অণ্ডাল মাণ্ডি গণ্ডগোল

৪. লেখা

কন্ঠ লন্ঠন কাণ্ড বন্টন মন্টু লন্ঠন বানাতে পারে। অবাক কাণ্ড।

অনুশীলন ঃ

১. পড়ুন ভাণ্ডটা প্রকাণ্ড দেখছি। কী আছে ওতে? ঠাণ্ডা দই। কুণ্ডুদের দোকানের বিখ্যাত দই। ঘন্টাখানেক আগে এসেছে। আরে! মাছি বসছে যে। কী কাণ্ড। কী হয়েছে নীলকণ্ঠ। অমন চেঁচাচ্ছ কেন? চেঁচাব না? দইয়ে মাছি বসছে। খেলে তো নির্ঘাৎ পেটের গণ্ডগোল।

২ লিখুন ন্ট যুক্ত শব্দ বেছে নিয়ে নিচে লিখুন (১) এক ঘন্টা হয়ে গেল (২) মন্টুর এখনো দেখা নেই। (৩) এগুলো বন্টন করবে কে?

(১) .... (২) .... (৩) ....

৩. শূন্যস্থানে ণ্ঠ/ণ্ড ঠিকমতো বসান

ম .... প। লু .... ন। প্রকা .... । কু .... া।

৪. অনুশীলনের বাক্যগুলি পড়ে উত্তর লিখুন

(১) ভাণ্ডে কী আছে? উত্তর ....

(২) চেঁচামেচি করছে কে? উত্তর ....

(৩) জিনিসটা কখন আনা হয়েছে? উত্তর ....

১. পড়া

আমরা স্বাধীন হয়েছি। সারা বিশ্বে এখন ভারতের নাম। এদেশে কত মহাপুরুষ জন্ম নিয়েছেন। কত বিদ্বান, কত পণ্ডিত আছেন। তাঁরা মহাত্মা। তাঁদের জন্ম সার্থক।

২. শেখা

ক্ + ব = ক্ব দ্ + ব = দ্ব শ্ + ব = শ্ব

ত্ + ব = ত্ব ন্ + ম = ন্ম স্ + ম = স্ম

৩. বানানো

ক্ব ঃ পক্ব (পাকা) ক্বচিৎ দ্ব ঃ দ্বার বিদ্বান দ্বিতীয়

শ্ব ঃ বিশ্ব বিশ্বাস আশ্বিন ত্ম ঃ আত্ম আত্মীয় মহাত্মা

ন্ম ঃ জন্ম উন্মাদ তন্ময় স্ম ঃ বিস্ময় স্মরণ ভস্ম

৪. লেখা

দ্ব শ্ব ত্ব ন্ম স্ম

....

....

....

বিশ্বাস মহাশয় আত্মীয়ের বাড়ি চললেন।

....

....

....

অনুশীলন ঃ

১. পড়ুন বিদ্যাসাগর মহাশয় প্রাতঃস্মরণীয় বাঙালি। মেদিনীপুরের বীরসিংহ গ্রামে তাঁর জন্ম। তিনি খুব বিদ্বান ছিলেন। মানুষ হিসাবে তিনি ছিলেন আরও বড়ো। অপরের জন্য নিঃস্বার্থ ভাবে কাজ করেছেন। পীড়িতের জন্য তাঁর প্রাণ কেঁদে উঠত। তিনি কত বিস্ময়কর কাজ করে গেছেন। এমন স্বাধীনচেতা, নির্ভীক মানুষ বিশ্বে বিরল।

২ লিখুন ডান দিক থেকে বেছে নিয়ে শূন্যস্থানে বসান

কী করছেন..?	বড় মারাত্মক।
.... আবর্জনা ফেলছেন?	বাড়ির দ্বারের কাছে।
এতে যে মাছির..?	বিশ্বাস মশাই।
মাছি..?	ভস্ম করে ফেলুন।
নোংরা আবর্জনা পুড়িয়ে..?	জন্ম হবে।

মূল্যায়ন–৭

১. পড়ুন অর্থ ভদ্র আত্মীয় দ্বিতীয় জন্ম সর্বত্র ক্রমশ

২ পড়ুন কার্তিক সামন্ত দিবারাত্র পরিশ্রম করে। উন্নত প্রথায় চাষ করতে শিখেছে। চাষের জমিটুকু তার প্রাণ। জেলার কৃষি প্রদর্শনীতে সে এবার দিয়েছে আলু। এক একটির ওজন অন্তত চারশ গ্রাম। নিশ্চয় প্রথম পুরস্কার পাবে।

৩. লিখুন ডানদিকের অংশ ঠিক জায়গায় বসান

.... মেলা শুরু হবে।	আবদাল্লা-মর্জিনা
নবগ্রামের এই মেলা ....।	বহু প্রাচীন
এবছর মেলার ....।	সপ্তাহব্যাপী
.... নানা অনুষ্ঠান হবে।	দ্বিতীয় দিন
.... তরজা গান।	হবে যাত্রা
চতুর্থ দিন ....।	শতবর্ষ পূর্ণ হবে
পালার নাম ....।	চৈত্র সংক্রান্তির দিন

১. পড়া প্রভাত হয়েছে। গ্রামের লোকজন জেগে উঠেছে। ভ্রমণে বেরিয়েছে কেউ কেউ। এইমাত্র সূর্য উঠল। ব্রজ চলল শহরে। ও সেকেণ্ড ট্রেনে যায়।

২. শেখা প্‌ + র = প্র গ্‌ + র = গ্র ভ্‌ + র = ভ্র

ত্‌ + র = ত্র ব্‌ + র = ব্র ট্‌ + র = ট্র

৩. বানানো ক্র – ক্রয় ক্রমে বিক্রি শুক্রবার প্র – প্রতি প্রায় প্রিয় প্রথা প্রাথমিক

গ্র – গ্রহ গ্রাম অগ্রিম সুগ্রীব ব্র – সুব্রত ব্রাশ আব্রু ব্রয়লার (মুরগি)

৪. লেখা ক্র গ্র ব্র শ্র বিক্রয় শ্রাবণ প্রায় গ্রাম

……… ……… ……… ……… ……… ……… ……… ………

……… ……… ……… ……… ……… ……… ……… ………

……… ……… ……… ……… ……… ……… ……… ………

আষাঢ় শ্রাবণ বর্ষাকাল। আকাশে প্রায় প্রতিদিন মেঘ।

………… ………… ………… ………… ……… ………… ………

………… ………… ………… ………… ……… ………… ………

………… ………… ………… ………… ……… ………… ………

অনুশীলন ঃ

১. পড়ুন প্রকাশের বয়স মাত্র পঁয়ত্রিশ । এই বয়সে সে শরীর নিয়ে বিব্রত । শ্রীশ মিত্র পুত্রকে বকাবকি করেন । গোগ্রাসে ভাত খাও কেন ? প্রত্যহ ত্রিফলার জল খেতে পার না ? নিয়মিত পরিশ্রম করো। প্রত্যুষে ভ্রমণ করবে। তাহলে শরীর নীরোগ থাকবে।

২. লিখুন সংখ্যাগুলো কথায় লিখুন ৩১ (..........................) । ৩২ (..........................) । ৩৪ (..........................) ।

৩. নিচের অংশটি পড়ে উত্তর লিখুন

শ্রীপুর গ্রামে নতুন যাত্রার দল হয়েছে । শুক্রবারে তারা প্রথম আসরে নামবে । পালার নাম 'রাত্রি প্রভাত' । পথে পথে প্রচারপত্র লাগিয়েছে ।

> শ্রীপুর নব নাট্য অপেরার প্রথম নিবেদন
>
> ॥ রাত্রি প্রভাত ॥
>
> আগামী ৩০শে চৈত্র শুক্রবার । শুভ্র সংঘের মাঠ ।
>
> গ্রামবাসীরা দেখতে আসুন ।

প্রশ্ন ১. যাত্রা পালাটির নাম কী ? ....

২. পালাটি কোথায় হবে ? ....

৩. কারা করবে ? ....

৪. পালাটি কবে হবে ? ....

১. পড়া

সাত্তার সাহেবের বয়স সত্তরের উপর। এখনো বেশ শক্ত সমর্থ। ছোটদের লেখাপড়া শেখানোর কাজে লিপ্ত থাকতে ভালবাসেন। তাতেই তাঁর তৃপ্তি।

২. শেখা

ত্ + ত = ত্ত, ক্ + ত = ক্ত, প্ + ত = প্ত

৩. বানানো

ত্ত – চিত্ত পিত্ত দত্ত মত্ত

ক্ত – শক্ত শক্তি যুক্ত পোক্ত

প্ত – লিপ্ত রপ্ত তৃপ্ত সপ্ত

৪. লেখা

ত্ত ক্ত প্ত শক্তি মিত্রের পৈতৃক বাড়ি আদিসপ্তগ্রাম।

....

....

....

অনুশীলন ঃ

১. পড়ুন কেউ যদি বলে—সাত্তার সাহেব, বয়েস তো অনেক হল। এবার বিশ্রাম নিন। তিনি উত্তর দেন—বিশ্রামে মুক্তি নেই। কর্মেই মুক্তি। অন্য কিছুতে আমার আসক্তি নেই। কিন্তু শরীরে যতদিন শক্তি থাকবে বিদ্যাদানে লিপ্ত থাকতে চাই। এ এক পবিত্র ব্রত।

২. লিখুন শক্তি/ যুক্তি/তৃপ্তি/রক্ত/বিরক্ত/পাত্তা—নিচের শূন্যস্থানে ঠিকমতো বসান।

দেহে——না থাকলে কাজ করা যায় না।
এখন কী করি একটা——দাও।
সবাই বেশ——করে খাওয়া দাওয়া করুন।
ওখানে——দান শিবির খোলা হয়েছে।
জানি না উনি আমার উপর——হলেন কেন।
তিন দিন ধরে তোমার——নেই। কোথায় গিয়েছিলে ?

১. পড়া

গোধূলি লগ্নে তার বিয়ে
দেখো, যেন কোনো বিঘ্ন না ঘটে।
যাঁরা আসবেন তাঁদের যত্ন কোরো।

২ শেখা

গ্ + ন = গ্ন ঃ লগ্ন
ঘ্ + ন = ঘ্ন ঃ বিঘ্ন, ত্ + ন = ত্ন ঃ যত্ন

৩. বানানো

গ্ন = মগ্ন, উদ্বিগ্ন
ঘ্ন = বিঘ্ন, শত্রুঘ্ন, কৃতঘ্ন ত্ন = রত্ন, যত্ন

৪. লেখা

গ্ন	ঘ্ন	ত্ন	উদ্‌বিগ্ন	বিঘ্ন	যত্ন
....	....	....	....	....	....
....	....	....	....	....	....
....	....	....	....	....	....

অনুশীলন ঃ

১. পড়ুন আমরা স্বাধীন দেশের মানুষ। আমরা স্বপ্ন দেখি একদিন সমস্ত পৃথিবীর দরিদ্র মানুষের মুক্তি ঘটবে। যে যত নিম্নে থাকুক সে মাথা উঁচু করে দাঁড়াবে। তার জীবনে কোনো বঞ্চনা আর বিঘ্ন থাকবে না। সেই জাগরণের লগ্ন খুব দূরে নয়। তার জন্য যত্ন আর চেষ্টা করতে হবে। যত্ন না করলে রত্ন কে পায়? আমাদের কবি আমাদের আশ্বাস দিয়ে লিখেছেন—

"এলো মহাজাগরণের লগ্ন
আজি অমারাত্রির দুর্গতোরণ যত
ধূলিতলে হয়ে যাক ভগ্ন।"

২. মুখে মুখে বলুন

(ক) আমরা কেমন দেশের মানুষ?

(খ) আমরা কোন্ স্বপ্ন দেখি?

(গ) এখন দরিদ্র মানুষের জীবনে কী রয়েছে?

(ঘ) দরিদ্র মানুষের বঞ্চনা দূর করতে আমাদের কী করতে হবে?

৩. উপরের পাঠটি পড়ে শূন্যস্থানে সঠিক শব্দ লিখুন

(ক) সেই জাগরণের——খুব দূরে নয়।

(খ) তার জীবনে কোনো বঞ্চনা আর——থাকবে না।

(গ) ——না করলে——কে পায়?

১. পড়া

নিরক্ষরতা দূর করতে চাই।
জ্ঞান-বিজ্ঞান শিখতে চাই।
সম্মানের সঙ্গে বাঁচতে চাই।
পশ্চিমবঙ্গকে আরও এগিয়ে
নিয়ে যেতে চাই।

২. শেখা

ঙ্ + গ = ঙ্গ ঃ বঙ্গ
ক্ + ষ = ক্ষ ঃ রক্ষা
হ্ + ম = হ্ম ঃ ব্রহ্মা
জ্ + ঞ = জ্ঞ ঃ জ্ঞান

৩. বানানো

ঙ্গ = অঙ্গ, সঙ্গী, লবঙ্গ, ভঙ্গি
ক্ষ = বৃক্ষ, ক্ষতি, রক্ষী, পক্ষে
হ্ম = ব্রাহ্মণ, ব্রহ্মদেশ
জ্ঞ = বিজ্ঞ, অজ্ঞান, অজ্ঞ

৪. লেখা

ঙ্গ	হ্ম	ক্ষ	জ্ঞ	সঙ্গ	ক্ষয়	বিজ্ঞান	ব্রাহ্মণ
....	....	....	....	....	....	....	....
....	....	....	....	....	....	....	....
....	....	....	....	....	....	....	....

অনুশীলন ঃ

১. পড়ুন আমাদের এই রাজ্যের নাম পশ্চিমবঙ্গ। এখানেই আমরা অনেকে জন্মেছি। এখানেই আমাদের জ্ঞান হয়েছে। এর উত্তরে হিমালয়। দক্ষিণে বঙ্গোপসাগর। এখানে পাঁচ কোটি চল্লিশ লক্ষেরও বেশি মানুষ বাস করে। এখানে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিষ্টান সব এক সঙ্গে থাকে। উত্তরে আছে নেপালি, লেপ্‌চা, ভুটিয়া, মেচ, রাভা—নানা জনগোষ্ঠীর মানুষ। দক্ষিণ-পশ্চিমের সাঁওতাল, মুণ্ডারা সবাই ভাই বন্ধু। এ রাজ্যে সকলের সমান অধিকার আছে। সকলের সম্মান আছে।

২. লিখুন সংখ্যা অনুযায়ী ডানদিকের শব্দগুলো লিখুন

১. .... ১. পশ্চিমবঙ্গের মানচিত্র
২. .... ২. হিমালয় পর্বত
৩. .... ৩. বঙ্গোপসাগর
৪. .... ৪. কলকাতা
৫. .... ৫. ভাগীরথী

১. পড়া উর্ধ্ব মুখে কী দেখছ ?
মেঘের চিহ্নও দেখা যায় না।
অপরাহ্ণ হয়ে এল।
পরিধানের বস্ত্রটি মলিন দেখছি।

২. শেখা ধ্ + ব = ধ্ব ঃ উর্ধ্ব হ্ + ন = হ্ন ঃ চিহ্ন
হ্ + ণ = হ্ণ ঃ অপরাহ্ণ স্ + ত্র = স্ত্র ঃ বস্ত্র

৩. বানানো ধ্ব = উর্ধ্ব (উপর, উঁচু) হ্ন = চিহ্ন, জাহ্নবী, বহ্নি (আগুন)
হ্ণ = অপরাহ্ণ (বিকাল) স্ত্র = বস্ত্র, অস্ত্র, শাস্ত্র, স্ত্রী

৪. লেখা

ধ্ব হ্ন হ্ণ স্ত্র উর্ধ্ব চিহ্ন অপরাহ্ণ স্ত্রী

……… ……… ……… ……… ……… ……… ……… ………

……… ……… ……… ……… ……… ……… ……… ………

……… ……… ……… ……… ……… ……… ……… ………

অনুশীলন ঃ

১. পড়ুন গ্রীষ্মকাল এলে গরমে ছটফট করতে হয় । গ্রীষ্মের মধ্যাহ্ন এলে তো কথাই নেই । দুপুরের অসহ্য তাপ । গ্রীষ্মের রৌদ্র তীক্ষ্ণ অস্ত্রের মতো গায়ে এসে লাগে । ঊর্ধ্বে জ্বলন্ত ওই সূর্য আর নিম্নে তপ্ত মাটি । অপরাহ্ণ হল মানে বিকাল হল । গরম কমে এল । বাঁচা গেল।

২. যেটি ঠিক সেটি বেছে নিয়ে শূন্যস্থানে লিখুন

(ক) .... দারুণ গরম। (বর্ষাকালে/গ্রীষ্মকালে)

(খ) .... মানে দুপুর। (সায়াহ্ন/মধ্যাহ্ন)

(গ) .... সূর্যের তেজ কমে আসে। (অপরাহ্ণে/পূর্বাহ্ণে)

(ঘ) .... রয়েছে আকাশ আর সূর্য। (ঊর্ধ্বে/নিম্নে)

(ঙ) 'ণ' এটি হল .... । (মূর্ধন্য ণ/দন্ত্য ন)

(চ) .... মাথায় কাপড় দেয়। (স্ত্রী লোকেরা/পুরুষেরা)

(ছ) বল্লম একটি .... । (বস্ত্র/অস্ত্র)

মূল্যায়ন—৮

১. পড়ুন রক্ষা বঙ্গ চিহ্ন চন্দ্র অন্ত্র বস্ত্র সন্ত্রস্ত বিজ্ঞান

২. পড়ুন

নমোনমো নম সুন্দরী মম জননী বঙ্গভূমি !
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগন ললাট চুমে তব পদধূলি—
ছায়াসুনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি।
পল্লবঘন আম্রকানন, রাখালের খেলাগেহ—
স্তব্ধ অতল দিঘি কালোজল নিশীথশীতলস্নেহ।

—রবীন্দ্রনাথ ঠাকুর।

৩. পড়ুন আমাদের দেশে কত মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন । রবীন্দ্রনাথ ঠাকুর কবি । সুভাষচন্দ্র বসু দেশনেতা । প্রফুল্লচন্দ্র রায় বৈজ্ঞানিক । কাজী নজরুল ইসলাম কবি । মাতঙ্গিনী হাজরা শহীদ । বিপ্লবী ক্ষুদিরাম বসু অল্পবয়সেই দেশের জন্য মৃত্যুবরণ করেছেন । এঁদের নাম অক্ষয় হয়ে থাকবে ।

৪. আগের পাতার বর্ণনাটি পড়ে লিখুন

(ক) দুজন কবির নাম ১. ....

২ ....

(খ) একজন বৈজ্ঞানিকের নাম ১. ....

(গ) একজন দেশনেতার নাম ১. ....

(ঘ) দুজন শহীদের নাম ১. ....

২ ....

৫. সাতটি দিনের নাম লিখুন

১. .... ২. .... ৩. .... ৪. ....

৫. .... ৬. .... ৭. ....

৬. বারো মাসের নাম লিখুন

১. .... ২. .... ৩. .... ৪. ....

৫. .... ৬. .... ৭. .... ৮. ....

৯. .... ১০. .... ১১. .... ১২. ....

৭. ছটি ঋতুর নাম লিখুন

১. .... ২. .... ৩. .... ৪. ....

৫. .... ৬. ....

মশার বংশ ধ্বংস

বিকেল শেষ হল। অমনি তারা ঘরের মধ্যে ঢুকে পড়ল ঝাঁকে ঝাঁকে। কানের কাছে একটা গুন্ গুন্ শব্দ। ঘরের মধ্যে পট্ পট্ শব্দ। আর সারা শরীরের জ্বালা। চুলকালেও জ্বালা যায় না। দাদু বুড়ো মানুষ। তিনি নিজের হাতে নিজে মার খান।

এতেও কি রেহাই আছে ? হুল খেয়ে কেঁপে কেঁপে জ্বর আসে। ডাক্তারবাবু এসে বলেন—ম্যালেরিয়া। ব্যাস। বসে বসে তেতো কুইনিন গেলো। সব কাজের উৎসাহ নষ্ট হয়ে যায়।

মশা আর মশা। ঘরে বাইরে তিষ্টোবার জো নেই।

শেষটায় বাবলুদের দল বেরিয়ে পড়ল মশা মারার ওষুধপত্র নিয়ে। পচা ডোবা আর পুকুরের পানা পরিষ্কার করল। নালা নর্দমা সাফ করল। ছড়িয়ে দিল ওষুধ।

কয়েকদিন পর। অভ্যাসবশত দাদু পিঠে হাত দেন চুলকোবার জন্য। কই, চুলকাচ্ছে না তো। ম্যালেরিয়াও আর হচ্ছে না। মশার বংশ লোপাট।

কবিতা

চলে যেতে হবে আমাদের।
চলে যাব—তবু যতক্ষণ দেহে আছে প্রাণ
প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল,
এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি—
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।

— সুকান্ত ভট্টাচার্য

গাছ বাঁচাও প্রাণ বাঁচাও

দমাদম কোপ পড়ছে গাছের গোড়ায়।

বৃদ্ধ রমেন সরকার সুধন্যর সামনে এসে দাঁড়ালেন। বললেন—গাছের গোড়ায় আর কোপ মেরো না সুধন্য। কুড়ুল নামাও।

সুধন্য অবাক হল। লোকটা বলে কী ?

রমেন সরকার বললেন—শোনো। এভাবে দিনের পর দিন গাছ কাটা চলছে। বন সাফ হয়ে যাচ্ছে। এতে ক্ষতিটা কী হচ্ছে জান ?

সুধন্য ভাবল, লোকটা বলছে বলুক। সে ততক্ষণ জিরিয়ে নেবে।

এভাবে চললে ফসল আর ফলবে না। সব মরুভূমি হয়ে যাবে। সবাইকে না খেয়ে থাকতে হবে।

সুধন্য এবার কুড়ুলটা পাশে রেখে বসল।

তবে হ্যাঁ। তোমাদের অসুবিধাটাও বুঝি। গাছ যদি কাটতেই হয় তাহলে অন্তত তিনটে গাছ লাগিয়ে একটি কাটবে। দিনে দিনে গাছের সংখ্যা যেন বাড়ে। ওই দেখো। রমেন সরকার একটি সাইন বোর্ড দেখালেন। ওতে লেখা রয়েছে—

বাঁচার জন্য খাদ্য। খাদ্যের জন্য চাষ।
চাষের জন্য বৃষ্টি। বৃষ্টির জন্য গাছ।

সুধন্য গাছের কাটা জায়গায় একটু হাত বুলিয়ে দিল। তারপর কুড়ুলটি কাঁধে ফেলে বাড়ির পথ ধরল।

কবিতা

শুনহ মানুষ ভাই
সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই।

— চণ্ডীদাস

সবিতার পণ

শঙ্কর বসাক আদর্শবাদী লোক। পণ না নিয়ে দুই ছেলের বিয়ে দিয়েছেন। কিন্তু মেয়ের বেলায় এসে আটকে গেলেন। পণ দেব না দেব না করে শেষে কথা রাখতে পারলেন না। অগত্যা রাজি হলেন। সোনারগাঁয়ের পরিতোষ ঘোষের বড় ছেলে সঞ্জয়ের সঙ্গে বিয়ে ঠিক হল মেয়ে সবিতার। পাঁচ হাজার টাকা নগদ।

সবিতা বেঁকে বসল। আমি কি কেনা-বেচার জিনিস নাকি। দামদস্তুর করা কেন। বাবা কত বোঝালেন। সবিতার এক কথা। পণ দিতে হলে বিয়ে করব না।

কথাটা সবিতার কলেজেও রটে গেল। সহপাঠীরা গেল একেবারে ক্ষেপে। সঞ্জয় ওই কলেজ থেকেই পাশ করেছে। ছেলেমেয়েরা তার কাছে গেল। সে তো সব শুনে থ। বলল পণের কথা তো জানি না। বাবা ভেতরে ভেতরে সব ঠিক করেছেন।

ওরা এবার গিয়ে ধরল ঘোষমশাইকে। উনি বোঝাতে চাইলেন—আহা এটুকু তো নিতেই হয়। ওরা বলল না। এক পয়সাও নিতে পারবেন না। ঘোষমশাই বললেন—তাহলে, এতসব খরচপত্র। বৌভাতের নিমন্ত্রণ। ওরা বলল—খরচপত্র ? খরচপত্র করতেই হবে তা কে বলেছে ? ওরাই ব্যবস্থা করল। বৌভাতে ভাতই হল না। লুচি, আলুর দম আর মিষ্টি। খরচাপাতি তেমন কিছু নয়। সবাই খুব খুশি। সবচেয়ে খুশি সবিতা।

কবিতা

কোন্ দেশেতে তরুলতা
    সকল দেশের চাইতে শ্যামল ?
কোন্ দেশেতে চলতে গেলে
    দলতে হয়রে দূর্বা কোমল।
কোথায় ফলে সোনার ফসল
    সোনার কমল ফোটে রে ?
সেই আমাদের বাংলা দেশ
    আমাদেরি বাংলা রে।

— সত্যেন্দ্রনাথ দত্ত

পুরানো গল্প

সে অনেকদিন আগের একটা গল্প। এক ব্রাহ্মণ যাচ্ছিলেন পথ দিয়ে। এক চণ্ডাল তাঁর মুখোমুখি আসছিল। তিনি দূর থেকে তাকে দেখেই চিৎকার করতে লাগলেন। "ওরে অস্পৃশ্য, রাস্তা থেকে সরে যা, তোর ছায়ার স্পর্শ লাগলেও আমার শরীর অপবিত্র হবে।" চণ্ডাল ভয় পেয়ে পথের এক পার্শ্বে সসংকোচে সরে দাঁড়াল।

দুপা গিয়ে ব্রাহ্মণ থমকে দাঁড়ালেন। সম্মুখে এক সর্প বিশাল ফণা তুলে রয়েছে, অগ্রসর হলেই ব্রাহ্মণকে দংশন করবে। ব্রাহ্মণ চিৎকারও করতে পারছেন না। অস্পষ্ট গোঙানি বেরোচ্ছে মুখ দিয়ে।

হঠাৎ মুহূর্তে একটা কাণ্ড ঘটে গেল। কোত্থেকে একটা দণ্ড ছুটে এসে সর্পটির ফণায় লাগল, তার মস্তক চূর্ণবিচূর্ণ হয়ে গেল। ব্রাহ্মণ চোখ খুলে দেখেন চণ্ডালটি সর্পের মৃতদেহ সরিয়ে দিয়ে নিজের দণ্ডটি তুলে নিচ্ছে। তিনি তার কাঁধে হাত রাখতেই চণ্ডাল বলে উঠল, "ঠাকুর, আমি অস্পৃশ্য, আমাকে ছোঁবেন না।"

ব্রাহ্মণ বললেন, "বাবা আমার ভ্রম দূর হয়েছে। তুমি আমার রক্ষাকর্তা, তুমি মানুষ। আমার চেয়েও অনেক বড় মানুষ। আমি আর কাউকে অস্পৃশ্য বলে ঘৃণা করব না। তুমি আমাকে ক্ষমা করো।"

কবিতা

গাহি সাম্যের গান
মানুষের চেয়ে বড় কিছু নাই
নাহি কিছু মহীয়ান।

— কাজী নজরুল ইসলাম

হলদিয়া বদলে গেল

সেদিন হলদিয়া ছিল অপরিচিত একটি জায়গা। আজ দেখলে চেনাই যায় না। এদিক ওদিক বিরাট বিরাট কারখানা। বড় বড় জাহাজের মাস্তুল। কত লোকজন যানবাহন। এই নতুন শিল্পকেন্দ্রটি দেখলে মনে আশা জাগে। হাজার হাজার বেকার যুবকের চাকরি হবে। কত শিল্পসামগ্রী তৈরি হবে। পশ্চিমবঙ্গের দিন ফিরবে। সারা ভারতবর্ষের উপকার হবে।

তা তো হল। কিন্তু কারখানার ধোঁয়ায় বাতাস যে দূষিত হবে! কারখানার ফেলে দেওয়া আবর্জনা যে জমে জমে পাহাড় হবে! পরিবেশ যে দূষিত হবে! না। সে সব হবে না। প্রথম থেকেই তার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। কৃষির যাতে ক্ষতি না হয়। স্বাস্থ্য যাতে খারাপ না হয়। আশেপাশের গ্রামগুলো যেন বিপদ্‌গ্রস্ত না হয়। পরিবেশ যাতে দূষিত না হয়। শিল্পনগরী হলদিয়া হবে সুস্থ, সুন্দর। হলদিয়াকে সেভাবেই গড়ে তোলা হচ্ছে।

কবিতা

সাম্যের গান গাই
আমার চক্ষে পুরুষ ও নারী
কোন ভেদাভেদ নাই।

—কাজী নজরুল ইসলাম

রবীন্দ্রনাথ ঠাকুরের 'ডাকঘর' গল্প

কবিরাজ ঘর থেকে বেরোতে বারণ করেছে। তাই অমল জানালার ধারে বসে থাকে। পিসেমশাই মাধব দত্ত এসে রাত দিন এত কথা বলার জন্য বকাবকি করেন। অমল ছেলের দলের সঙ্গে কথা বলেই যায়। সুধাকে বলে—তুমি আমার পারুল বোন হবে ? দইওয়ালার কাছ থেকে শিখতে চায়—দই ! দই !—ডাক। অমল কল্পনায় দেখতে পায় দইওয়ালার গ্রামটি। পাঁচমুড়া পাহাড়। শ্যামলী নদীর ধার। মেয়েরা জল আনছে নদী থেকে। প্রহরী ঘন্টা বাজায় ঢং ঢং করে। দূরে ডাকঘর হচ্ছে। বাদল হরকরার, শরৎ হরকরার মতো অমলও ডাকহরকরা হতে চায়। দেশে দেশে চিঠি বিলি করতে ইচ্ছে করে।

অমলের মনের খোরাক জোগায় তার ঠাকুর্দা। তিনি ফকির সেজে অমলের কাছে আসেন। তিনি এক দেশের কথা শোনান। সেখানে ঝরণার জল ঝরছে ঠুং ঠাং ঠুং ঠাং। নুড়িগুলোকে সরিয়ে সরিয়ে এগিয়ে চলেছে।

কবিতা

কেঁচো কয়, নীচ মাটি, কালো তার রূপ।
কবি তারে রাগ ক'রে বলে, চুপ চুপ !
তুমি যে মাটির কীট, খাও তারি রস
মাটির নিন্দায় বাড়ে তোমারি কি যশ !

—রবীন্দ্রনাথ ঠাকুর

আমাদের জাতীয় সঙ্গীত

জনগণমন অধিনায়ক জয় হে ভারত ভাগ্যবিধাতা
পাঞ্জাব-সিন্ধু-গুজরাট-মারাঠা-দ্রাবিড়-উৎকল বঙ্গ
বিন্ধ্য-হিমাচল-যমুনা-গঙ্গা উচ্ছল জলধি তরঙ্গ
তব শুভ নামে জাগে তব শুভ আশিস মাগে
গাহে তব জয় গাথা।
জনগণমঙ্গলদায়ক জয় হে ভারত ভাগ্যবিধাতা।
জয় হে জয় হে জয় হে জয়জয়জয়জয় হে।

মূল্যায়ন—৯

সংখ্যা অনুসারে লিখুন

১. নিজের নাম । ২ বয়স । ৩. পরিচালক বিদ্যালয়ের নাম । ৪. নিজের ঠিকানা । ৫. পেশা ।
৬. মাসিক আয় (যদি আয় করেন) । ৭. কোন্ তারিখে লেখাপড়া শুরু করেছেন ।

১. ....

২. ....

৩. ....

৪. ....

৫. ....

৬. ....

৭. ....

....

(যে দিন এটি লিখেছেন সেই দিনের তারিখ)

ক. আপনার এলাকার উন্নতির জন্য কী কী করা দরকার ? ৩টি বাক্য লিখুন

১. ....

২. ....

৩. ....

খ. লেখাপড়া শিখে আপনার কী কী সুবিধা হয়েছে ? ৩টি কথা লিখুন

১. ....

২. ....

৩. ....

গ. আপনার বাড়ির সবাই ভালো আছে। আপনি লেখাপড়া শিখছেন। বন্ধুকে এসব কথা জানিয়ে একদিন আপনার বাড়িতে আসার জন্য একটি চিঠি লিখুন।